# অর্থনীতি

## ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

**বিষয় : অর্থনীতি** (বহুনির্বাচনি অভীক্ষা অংশ) **বিষয় কোড : 1 4 1**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১]

**প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।**

**১. অর্থনীতিতে অর্থনৈতিক প্রতিনিধি বলা হয় –**
i. যারা উৎপাদন করে ii. যারা ভোগ করে iii. যারা বিনিময় করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২. অর্থশাস্ত্র গ্রন্থের লেখক কে?**
ক এল. রবিন্স খ স্যামুয়েলসন গ কৌটিল্য ঘ অ্যাডাম স্মিথ

**৩. সরকার যখন অতিমাত্রায় মুদ্রা ছাপায়, তখন দ্রব্যমূল্য বেড়ে যায়–**
i. জনগণের হাতে নগদ অর্থ বেড়ে যায় ii. ব্যাংকের ঋণদান ক্ষমতা কমে যায়
iii. জনগণের ক্রয় ক্ষমতা বেড়ে যায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৪. ঝিণু TV দেখা বন্ধ করে মায়ের সঙ্গে ঘরের কাজে মাকে সাহায্য করলো। এর ফলে সে, তার পছন্দের কুইজ শো দেখা থেকে বঞ্চিত হলো। এটি অর্থনীতির কোন ধারণার সাথে সম্পৃক্ত?**
ক মানুষ প্রণোদনায় সাড়া দেয় খ সুযোগ ব্যয়
গ প্রান্তিক পর্যায় নিয়ে চিন্তা ঘ চাহিদা থেকে বঞ্চিত

**৫. প্রাকৃতিক সম্পদের উদাহরণ হলো –**
i. খনিজ সম্পদ ii. পানি সম্পদ iii. বনজ সম্পদ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৬. কোন দ্রব্য একাধিকবার উৎপাদন কাজে ব্যবহার করা যায়?**
ক অস্থায়ী খ মূলধনী গ স্থায়ী ঘ চূড়ান্ত

**৭. মধ্যবর্তী দ্রব্য হলো–**
i. দুধ ও চিনি ii. ভাত ও রুটি iii. আটা ও ময়দা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৮. কোন দ্বীপে গন্ধক পাওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে?**
ক সেন্টমার্টিন দ্বীপ খ নিঝুম দ্বীপ গ কুতুবদিয়া দ্বীপ ঘ মনপুরা দ্বীপ

**৯. দিনাজপুর ও রংপুরের বনভূমির আয়তন কত?**
ক প্রায় ৩৯ বর্গ কি.মি. খ প্রায় ৪৫ বর্গ কি.মি.
গ প্রায় ৪০ বর্গ কি.মি. ঘ প্রায় ৬৪ বর্গ কি.মি.

**১০. প্রান্তিক উপযোগ রেখার প্রকৃতি কোনটি?**
ক ডানদিকে নিম্নগামী খ ডানদিকে ঊর্ধ্বগামী
গ বামদিকে নিম্নগামী ঘ বামদিকে ঊর্ধ্বগামী

**১১. কোন দুটি চলকের মধ্যে বিপরীত সম্পর্ক বিদ্যমান?**
ক দাম ও যোগান খ দাম ও চাহিদা
গ আয় ও চাহিদা ঘ মোট উপযোগ ও প্রান্তিক উপযোগ

□ **নিচের উদ্দীপকটি পড় এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও :**
রহিম শিক্ষিত যুবক। কিন্তু চাকরি না করে কয়েকজন বন্ধুকে নিয়ে একটি খাবারের দোকান দিল। অল্প কয়েক মাসের মধ্যে সে বেশ লাভ করতে লাগলো এবং এখন সে একজন সফল ব্যবসায়ী।

**১২. রহিম যে খাবারের দোকানটি গড়ে তুলে তাতে তার ভূমিকা ছিল –**
ক ক্রেতা খ উদ্যোক্তা গ বিক্রেতা ঘ শ্রমিক

**১৩. রহিমের মতো খাবারের দোকান গড়ে তুলতে হলে প্রয়োজন –**
i. ভূমি ও শ্রম ii. উৎপাদন ও শ্রম iii. মূলধন ও সংগঠন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৪. কোন ফার্ম এককভাবে উৎপাদন যোগান দেয়?**
ক ডুয়োপলি খ অলিগোপলি গ মনোপলি ঘ পূর্ণ প্রতিযোগিতা

**১৫. দ্রব্য উৎপাদন, আমদানি ও রপ্তানির ক্ষেত্রে সরকার যখন আনুপাতিক হার নির্ধারণ করে দেয় তখন তাকে কী বলে?**
ক কর খ শুল্ক গ রেশনিং ঘ ভর্তুকি

**১৬. পাটের আঁশ থেকে দড়ি তৈরি করলে পাটের দাম জাতীয় আয়ে অন্তর্ভুক্ত হওয়া উচিত নয়। কারণ –**
i. দ্বৈত গণনা সমস্যা হবে ii. প্রকৃত জাতীয় আয়ের চেয়ে প্রাপ্ত জাতীয় আয় বেশি হবে
iii. মধ্যবর্তী দ্রব্যের দাম চূড়ান্ত দ্রব্যের মধ্যে অন্তর্ভুক্ত হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৭. অনুন্নত দেশে কিসের অভাবে GDP বাড়তে পারে না?**
ক ভূমি খ শ্রম গ মূলধন ঘ সচলতা

**১৮. শিক্ষা খাতের GDP হিসাব করা হয় কী দ্বারা?**
ক বাজার মূল্য খ আয় গ ব্যয় ঘ বিক্রয়মূল্য

**১৯. সসীম বিহিত মুদ্রার বৈশিষ্ট্য হলো –**
i. এটি নির্দিষ্ট সীমা পর্যন্ত লেনদেন করা যায়
ii. এটি ধাতু দিয়ে গঠিত iii. এটি রূপান্তরযোগ্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

□ **নিচের উদ্দীপকটি পড় এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :**
কৃষিখাতের গতিশীলতা বৃদ্ধির জন্য সরকার একটি ব্যাংক প্রতিষ্ঠা করেছে। এ কথা জানতে পেরে অনিক এ ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে পুনরায় ধান চাষ করে ভাগ্যের পরিবর্তন ঘটান।

**২০. অনিক যে ব্যাংক থেকে ঋণ গ্রহণ করেছেন তার নাম কী?**
ক কৃষি ব্যাংক খ গ্রামীণ ব্যাংক গ সমবায় ব্যাংক ঘ বাণিজ্যিক ব্যাংক

**২১. উদ্দীপকের ব্যাংকটির কার্যাবলি হলো –**
i. কৃষির সাথে জড়িত খাতের ঋণ প্রদান করা
ii. কৃষিভিত্তিক ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপনে সহায়তা করা
iii. অন্যান্য ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণ করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২২. খনিজ ও খনন অর্থনীতির কোন খাতের অন্তর্ভুক্ত?**
ক কৃষি খ শিল্প গ সেবা ঘ বনজ

**২৩. সেবা হলো –**
i. একক বৃহত্তম খাত ii. অদৃশ্য অর্থনৈতিক কাজ iii. মূল্য দ্বারা পরিমাণ অযোগ্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৪. কোনটি বৃহৎ শিল্পের উদাহরণ?**
ক চামড়া খ বস্ত্র গ প্লাস্টিক ঘ রেশম

**২৫. বাংলাদেশে সর্ববৃহৎ ক্ষুদ্র ঋণদানকারী সংস্থা কোনটি?**
ক টিএমএসএস খ ব্র্যাক গ আশা ঘ প্রশিকা

**২৬. পল্লি অবকাঠামো উন্নয়ন কর্মসূচির আওতাধীন কী কী?**
ক প্রবৃদ্ধি কেন্দ্র খ সেতু নির্মাণ গ বাঁধ নির্মাণ ঘ সবগুলো

**২৭. অনুন্নত দেশের অর্থনীতির বৈশিষ্ট্য হলো –**
i. দারিদ্র্যের দুষ্টচক্র ii. বৈদেশিক সাহায্যের ওপর নির্ভরশীল
iii. প্রতিকূল বাণিজ্য শর্ত
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৮. বাংলাদেশে কোনটির উপরে আবগারি শুল্ক ধার্য করা হয়?**
ক চা খ লবণ গ পেট্রোল ঘ তেল

□ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :**
মিনু একটি দোকানে যায় সাবান কেনার জন্য। সাবানের মোড়কে মূল্য (২০ + VAT) টাকা লেখা দেখে সে VAT সম্পর্কে অবগত হয়।

**২৯. সাবানের গায়ে যে VAT লেখা এটি বাংলাদেশে কত সালে চালু হয়?**
ক ১৯৯০-১৯৯১ খ ১৯৯১-১৯৯২ গ ১৯৯২-১৯৯৩ ঘ ১৯৮৯-১৯৯০

**৩০. উক্ত VAT সরকারের –**
i. রাজস্ব বৃদ্ধি করে ii. রাজস্ব হ্রাস করে iii. ঋণ হ্রাস করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

**বিষয় : অর্থনীতি** (সৃজনশীল প্রশ্ন) **বিষয় কোড :** | 1 | 4 | 1 |

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **মান : ৭০**

[*দ্রষ্টব্য:* ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। মিলন সাহেব একজন স্বল্প আয়ের লোক। পর্যাপ্ত অর্থের অভাবে সে তার পরিবারের নানাবিধ সমস্যার সমাধান একসঙ্গে করতে পারে না। পর্যায়ক্রমে অভাবের গুরুত্ব বিবেচনা করে বিভিন্ন সমন্বয় সাধনের মাধ্যমে সংসার পরিচালনা করে।
ক. মুদ্রাস্ফীতি ও বেকারত্বের মধ্যে কী ধরনের সম্পর্ক বিরাজ করে? ১
খ. নির্দেশমূলক অর্থব্যবস্থা বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে মিলন সাহেব কোন ধরনের সমস্যার সম্মুখীন হয়েছেন ব্যাখ্যা করো। ৩
ঘ. মিলন সাহেবের সংসার পরিচালনার ব্যাপারটি কোন অর্থনীতিবিদের সংজ্ঞার সাথে যা সম্পর্কযুক্ত- আলোচনা করো। ৪

২। $S = Y - C$ (যখন $Y > C$)
ক. অর্থনীতিতে সম্পদ বলতে কী বোঝায়? ১
খ. মধ্যবর্তী দ্রব্য ও চূড়ান্তদ্রব্যের মধ্যে পার্থক্য নির্দেশ করো। ২
গ. উদ্দীপকের সমীকরণটি ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত সমীকরণের Y যদি অব্যাহতভাবে C অপেক্ষা বৃদ্ধি পেতে থাকে তবে দেশের অর্থনৈতিক উন্নতি ত্বরান্বিত হবে। সপক্ষে যুক্তি দেখাও। ৪

৩। নিচের সূচিটি লক্ষ করো:

| দ্রব্যের দাম (টাকায়) | চাহিদার পরিমাণ (একক) | যোগানের পরিমাণ (একক) |
|---|---|---|
| ১৫ | ১০ | ২০ |
| ১০ | ১৫ | ১৫ |
| ৫ | ২০ | ১০ |

ক. প্রান্তিক উপযোগ বলতে কী বোঝায়? ১
খ. ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধির অনুমিত শর্তগুলো লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে যোগান রেখা অঙ্কন করো। ৩
ঘ. উদ্দীপকের আলোকে ভারসাম্য দাম নির্ধারণ করে চাহিদা ও যোগানের অবস্থা বিশ্লেষণ করো। ৪

৪। দুখু মিয়ার ১ বিঘা জমি আছে। সেখানে সে একটি নার্সারি গড়ে তোলে। প্রয়োজনীয় জিনিসপত্র ক্রয় এবং কর্মচারী নিয়োগ করেন। সর্বোপরি যথাযথ তদারকি করেন এবং দ্রব্যসমূহ বাজারজাত করেন।
ক. উৎপাদন কী? ১
খ. স্থানগত উপযোগ বলতে কী বোঝ? ২
গ. দুখু মিয়ার নার্সারিতে ব্যবহৃত উপকরণগুলোর বিবরণ দাও। ৩
ঘ. দুখু মিয়ার সাংগঠনিক ক্ষমতার মূল্যায়ন করো। ৪

৫। দেশের মানুষ একটি নির্দিষ্ট রেটে বিদ্যুৎ ক্রয় করতে বাধ্য থাকে। এখানেদামের ক্ষেত্রে ভোক্তার কোনো প্রভাব কার্যকর হয় না।
ক. বাজার ধারণায় মৌলিক বিষয় কী? ১
খ. স্বল্পকালীন বাজার বলতে কী বোঝ? ২
গ. বিদ্যুৎ কোন বাজারের দ্রব্য? উক্ত বাজারের বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত বাজারের সাথে পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের পার্থক্য বিশ্লেষণ করো। ৪

৬.
ব্যক্তিগত উদ্যোগ
↑
আয় বৈষম্য ← অর্থনৈতিক ব্যবস্থা → অবাধ প্রতিযোগিতা
↓
মুনাফা অর্জন

ক. অর্থনীতির ১০টি নীতির কথা কোন অর্থনীতিবিদ বলেছেন? ১
খ. ইসলামি অর্থব্যবস্থার মূলকথা কী? ২
গ. চিত্রে প্রদর্শিত অর্থব্যবস্থা কোনটি? বর্ণনা দাও। ৩
ঘ. চিত্রে প্রদর্শিত অর্থব্যবস্থার সাথে বাংলাদেশের অর্থব্যবস্থার সাদৃশ্য ও বৈসাদৃশ্য ব্যাখ্যা করো। ৪

৭। তুহিন সাহেবের একটি নিটিং এবং ডাইয়িং ফ্যাক্টরি আছে। জাতীয় আয় গণনার তথ্য সংগ্রহের সময় তথ্য সংগ্রহকারী উভয় জায়গা থেকে উৎপাদনের তথ্য সংগ্রহ করে। যা কখনও দেশের জাতীয় আয় সমন্ধে সঠিক ধারণা দিতে পারে না।
ক. মোট জাতীয় আয় কাকে বলে? ১
খ. সচলতা বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত জাতীয় আয় পরিমাপের পদ্ধতিটি ব্যাখ্যা করো। ৩
ঘ. এই পদ্ধতিতে জাতীয় আয় পরিমাণে যে সমস্যা হয় তা চিহ্নিত করে সমাধানের পথ নির্দেশ করো। ৪

৮.

| ১ নং বক্স | ২ নং বক্স |
|---|---|
| জনগণের অর্থ জমা রাখে | জনগণের অর্থ জমা রাখে না |
| জনগণকে ঋণ প্রদান করে | ঋণ নিয়ন্ত্রণ করে |

ক. যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় ব্যাংকের নাম লেখো। ১
খ. অর্থ সঞ্চয়ের বাহন- ব্যাখ্যা করো। ২
গ. ১নং বক্সের প্রকৃতি ব্যাখ্যা করো। ৩
ঘ. ২নং বক্সের প্রতিষ্ঠানটি কীভাবে ১ নং বক্সের প্রতিষ্ঠানকে সহায়তা করে? আলোচনা করো। ৪

৯। বাংলাদেশ একটি কৃষিপ্রধান দেশ। তথাপি পূর্বে অনেক পুরোনো পদ্ধতিতে, চাষাবাদ হতো। বর্তমানে এ অবস্থার অনেক উন্নতি হয়েছে। যা আমাদের খাদ্যের চাহিদা মিটিয়ে শিল্প খাতকেও ত্বরান্বিত করছে।
ক. বেকারত্ব কী? ১
খ. সেবা খাত বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত খাতের বর্ণনা দাও। ৩
ঘ. বাংলাদেশের শিল্পের ভিত্তি হলো কৃষি- উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

১০। নিজাম তার কারখানায় কিছুসংখ্যক শ্রমিক নিয়োগ করে, রাত-দিন পরিশ্রম করেও উৎপাদন বাড়াতে পারছে না, সে যখন তার শ্রমিকদের উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করলো তখন থেকে তার উৎপাদন অধিক হারে বাড়তে থাকলো।
ক. এসএসএস কত সালে আত্মপ্রকাশ ঘটে? ১
খ. উন্নয়নশীল দেশ বলতে কী বোঝ? ২
গ. নিজামের কারখানার শ্রমিকদের উৎপাদন ক্ষমতা কম ছিল কেন? বর্ণনা করো। ৩
ঘ. একজন শ্রমিককে দক্ষ জনশক্তিতে রূপান্তরের জন্য প্রশিক্ষণের পাশাপাশি কোন কোন খাতকে তুমি অধিক গুরুত্ব দেবে? আলোচনা করো। ৪

১১। X দেশের একটি অর্থবছরের বাজেটের আয়- ১২,০০,০০ কোটি টাকা ও ব্যয়-১৪,০০,০০ কোটি টাকা। দেশের একটি অর্থবছরে বাজেটের আয়- ২৮,০০,০০ কোটি টাকা ও ব্যয়- ২৬,৫০,০০ কোটি টাকা।
ক. কোন অর্থবছর থেকে বাংলাদেশ সরকার কৃষি গবেষণার জন্য অর্থ বরাদ্দ শুরু করেছে? ১
খ. আবগারি শুল্ক বলতে কী বোঝ? ২
গ. Y- বাজেটটি কোন ধরনের বাজেট? ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশের মতো দেশের জন্য X দেশের বাজেট মঙ্গলজনক- মতামত দাও। ৪

মডেল টেস্ট- ০২

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

**বিষয় : অর্থনীতি** (বহুনির্বাচনি অভীক্ষা অংশ) **বিষয় কোড : 1 4 1**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১]

**প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।**

**১. অধ্যাপক মার্শালের মতে, কোনটি অর্থনীতির মূল উদ্দেশ্য?**
ক সম্পদ আহরণ খ বিনিময় ও বন্টন গ মানবকল্যাণ সাধন ঘ ভোগ

**২. 'অর্থশাস্ত্র'– গ্রন্থের লেখক কে?**
ক অধ্যাপক মার্শাল খ পল স্যামুয়েলসন
গ এরিস্টটল ঘ কৌটিল্য

**৩. একটি দেশের মিশ্র অর্থব্যবস্থায় মৌলিক ও ভারী শিল্প পরিচালনা করে–**
ক বিদেশি সংস্থা খ সরকারি কোম্পানি
গ জনগণ ঘ সরকার

**৪. কাঁচামাল কোন ধরনের সম্পদ?**
ক প্রাকৃতিক খ মানবিক গ উৎপাদিত ঘ কৃষি

**৫. রহিম সাহেব তার আয়ের বৃহৎ অংশ পারিবারিক খরচের পর কিছু টাকা জমিয়ে রাখেন। বছর পাঁচেক পর জমানো টাকা দিয়ে তিনি ছেলেকে একটি হাঁস-মুরগির খামার করে দেন। রহিম সাহেবের শেষ উদ্যোগকে অর্থনীতির ভাষায় বলে –**
ক ভোগ খ সঞ্চয় গ মুনাফা ঘ বিনিয়োগ

**৬. উপযোগ হলো –**
i. অভাব পূরণের ক্ষমতা ii. দ্রব্যের উপকারিতা iii. একটি মানসিক ধারণা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৭. মনে করো বাজারে তিনজন ক্রেতা– ক, খ ও গ আছে। তাদের আলুর চাহিদা যথাক্রমে ছকে দেওয়া হলো –**

| ক্রেতা/ভোক্তা | দাম (টাকা) | চাহিদার পরিমাণ (কেজি) |
|---|---|---|
| ক | ১০ | ১২ |
| খ | ১০ | ১৩ |
| গ | ১০ | ৯ |

**উপরিউক্ত বাজারে ১০ টাকাতে আলুর বাজার চাহিদা কত?**
ক ৩৩ কেজি খ ৩৪ কেজি গ ৩৫ কেজি ঘ ৩৬ কেজি

**৮. বাড়ির পাশে অন্যের ব্যবহৃত জমি ক্রয় করে চাষাবাদ করার ফলে কোন ধরনের উপযোগ সৃষ্টি হবে?**
ক স্থানগত খ সময়গত গ সেবাগত ঘ মালিকানাগত

**৯. একজন সংগঠকের আয় কোনটি?**
ক খাজনা খ মজুরি গ সুদ ঘ মুনাফা

**১০. প্রান্তিক উৎপাদন রেখা, প্রান্তিক উৎপাদন সর্বোচ্চ হওয়ার পর কোন দিকে যায়?**
i. ডানদিকে ii. বামদিকে iii. নিম্নগামী
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১১. পৌরসভা কর্তৃক মশক নিধন কার্যক্রমে যে ব্যয় হয় তা কোন ধরনের ব্যয়?**
ক প্রকাশ্য ব্যয় খ অপ্রকাশ্য ব্যয় গ ব্যক্তিগত ব্যয় ঘ সামাজিক ব্যয়

**১২. শ্রমিকের বেতন কোন ধরনের ব্যয়?**
ক প্রকাশ্য ব্যয় খ অপ্রকাশ্য ব্যয় গ মোট ব্যয় ঘ প্রকৃত ব্যয়

**১৩. কোনো একটি দেশের নির্দিষ্ট এক বছরের ভোগ ১০০ কোটি টাকা, বিনিয়োগ ৫০ কোটি টাকা, সরকারি ব্যয় ১৫০ কোটি টাকা এবং নিট রপ্তানি আয় ১২০ কোটি টাকা হলে ওই দেশের জিডিপি কত হবে?**
ক ৪০০ কোটি টাকা খ ৪১০ কোটি টাকা গ ৪২০ কোটি টাকা ঘ ৪৩০ কোটি টাকা

**□ নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
সুজন লেখাপড়ার উদ্দেশ্যে যুক্তরাষ্ট্রে যায়। সেখানে সে লেখাপড়ার পাশাপাশি চাকরি করে দেশে বৈদেশিক মুদ্রা পাঠায়।

**১৪. সুজনের পাঠানো অর্থ নিচের কোনটির সাথে যুক্ত হবে?**
ক GNP খ NNP গ CCA ঘ GDP

**১৫. সুজনের পাঠানো অর্থ দেশের অর্থনীতিতে কী কাজে লাগবে?**
i. মোট দেশজ উৎপাদন বাড়াবে ii. আমদানি সক্ষমতা বাড়াবে
iii. কর্মসংস্থান সৃষ্টি করবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৬. উন্নয়ন কী?**
ক প্রবৃদ্ধির একটি অংশ খ মাথাপিছু আয় বৃদ্ধি
গ জাতীয় আয় বৃদ্ধি ঘ প্রবৃদ্ধির সাথে অন্যান্য বিষয়ের সুফল

**১৭. $Y = C + I + G + (X - M)$ এই সমীকরণে $(X - M)$ কি প্রকাশ করে?**
ক বিনিয়োগ খ নিট রপ্তানি
গ নিট আমদানি ঘ নিট রপ্তানি-আমদানি

**১৮. বাংলাদেশে কত সাল থেকে মূল্য সংযোজন কর চালু হয়েছে?**
ক ১৯৯০-৯১ খ ১৯৯১-৯২ গ ১৯৯২-৯৩ ঘ ১৯৯৩-৯৪

**১৯. নিচের কোনটি কর বহির্ভূত আয়?**
ক আবগারি শুল্ক খ মাদক শুল্ক গ টোল ও লেভি ঘ আমদানি শুল্ক

**২০. কোন বাজারের দ্রব্য সমজাতীয়?**
ক পূর্ণ প্রতিযোগিতামূলক খ একচেটিয়া
গ একচেটিয়া প্রতিযোগিতা ঘ অলিগোপলি

**২১. ঢাকা শহরে পানি, বিদ্যুৎ ও গ্যাস সরবরাহের ক্ষেত্রে কোন বাজার দেখা যায়?**
ক পূর্ণ প্রতিযোগিতামূলক খ একচেটিয়া
গ একচেটিয়া প্রতিযোগিতা ঘ অলিগোপলি

**□ নিচের উদ্দীপকটি পড় এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও :**
মি. 'ক'-এর দেশের কৃষি খাত কম উৎপাদনশীল। সে দেশে ছদ্মবেশী ও মৌসুমি বেকারত্ব প্রকটভাবে দেখা যায়।

**২২. মি. 'ক'-এর দেশটি হলো –**
ক উন্নত দেশ খ উন্নয়নশীল দেশ গ স্বল্পোন্নত দেশ ঘ অনুন্নত দেশ

**২৩. মি. 'ক'-এর দেশে পরিলক্ষিত হয়?**
i. প্রতিকূল বাণিজ্য শর্ত ii. বিকাশমান শিল্প প্রতিষ্ঠান iii. জনসংখ্যাধিক্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৪. অলিগোপলি বাজারে বিক্রেতা কতজন?**
ক অসংখ্য খ কতিপয় গ একজন ঘ দুইজন

**২৫. নিচের কোনটি সসীম বিহিত অর্থ?**
ক ২ টাকা খ ২০ টাকা গ ২০০ টাকা ঘ ১০০০ টাকা

**২৬. কোন আমানতের অর্থ সপ্তাহে দুইবার উঠানো যায়?**
ক চলতি খ সঞ্চয়ী গ স্থায়ী ঘ মেয়াদি

**২৭. গ্রামীণ ব্যাংক কবে প্রতিষ্ঠিত হয়?**
ক ১৯৮২ খ ১৯৮৩ গ ১৯৮৫ ঘ ১৯৯৩

**২৮. প্রাকৃতিক গ্যাস দেশের মোট বাণিজ্যিক জ্বালানি ব্যবহারের শতকরা কত ভাগ পূরণ করে?**
ক ৫১ ভাগ খ ৬১ ভাগ গ ৭১ ভাগ ঘ ৮১ ভাগ

**২৯. কুটির শিল্পের উদাহরণ হলো –**
ক কাঠ শিল্প খ রেশম শিল্প গ সাবান শিল্প ঘ দিয়াশলাই শিল্প

**৩০. সামাজিক অবকাঠামো হলো –**
i. শিক্ষা ii. গবেষণা iii. মূল্যবোধ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**■ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

**বিষয় : অর্থনীতি** (সৃজনশীল প্রশ্ন) **বিষয় কোড :** 1 4 1

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **মান : ৭০**

[*দ্রষ্টব্য:* ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। করিম সাহেব তার বসবাসরত দেশে সরকারের অনুমতি নিয়ে একটি শিল্প প্রতিষ্ঠান স্থাপন করতে চাইলেন কিন্তু সরকারের অনুমতি পাননি। কারণ ঐ দেশে বেসরকারি মালিকানায় কোনো শিল্প স্থাপন করা যায় না। অন্যদিকে, জনাব রাকিব সরকারের অনুমতি সাপেক্ষে একটি শিল্প প্রতিষ্ঠান স্থাপন করে নিজ ব্যবস্থাপনায় পরিচালনা করেন। তার দেশে কিছু সরকারি প্রতিষ্ঠানও রয়েছে।

ক. ইসলামি অর্থব্যবস্থা কাকে বলে? ১
খ. বাণিজ্যবাদ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো? ২
গ. করিম সাহেবের বসবাসরত দেশে কোন ধরনের অর্থব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত রাকিব সাহেবের বসবাসরত দেশের অর্থব্যবস্থাকে কি একটি। উন্নত অর্থব্যবস্থা বলা যায়? উত্তরের সপক্ষে যুক্তি প্রদর্শন করো। ৪

২। নিচের সূচিটি লক্ষ করো :

| দ্রব্যের একক | মোট উপযোগ (টাকায়) | প্রান্তিক উপযোগ (টাকায়) |
|---|---|---|
| ১ম | ৬ | ৬ |
| ২য় | ১১ | ৫ |
| ৩য় | ১৫ | ৪ |
| ৪র্থ | ১৮ | ৩ |
| ৫ম | ১৮ | ০ |
| ৬ষ্ঠ | ১৬ | – ২ |

ক. ভোগ কাকে বলে? ১
খ. বাজার চাহিদা বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত সূচি থেকে মোট উপযোগ ও প্রান্তিক উপযোগ রেখা অঙ্কন করো। ৩
ঘ. ভোক্তার আয়, রুচি ও পছন্দের পরিবর্তন হলে উদ্দীপকে উল্লিখিত বিধিটি কি কার্যকর হবে? ব্যাখ্যা করো। ৪

৩। মিলি একজন শিক্ষিত গৃহিণী। তিনি তার ছেলেমেয়ে লালন-পালন করাসহ পারিবারিক যাবতীয় কাজ করতেন। মিলির স্বামী একটি বেসরকারি প্রতিষ্ঠানে কাজ করতেন এবং হঠাৎ মৃত্যুবরণ করেন। এ অবস্থায় মিলি পারিবারিক আর্থিক সংকট দূর করার জন্য একটি পোশাক কারখানায় কাজে যোগদান করেন।

ক. সঞ্চয় কাকে বলে? ১
খ. নির্বাচন বা চয়নের প্রয়োজন হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত মিলির প্রথম কাজটি কোন ধরনের কার্যাবলি? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের আলোকে মিলির শেষের কাজটির অর্থনৈতিক গুরুত্ব আলোচনা করো। ৪

৪। নিচের সূচিটি লক্ষ করো:

| প্রতি কেজি দ্রব্যের দাম (টাকায়) | চাহিদার পরিমাণ (একক) | যোগানের পরিমাণ (একক) |
|---|---|---|
| ৪০ | ১০ | ২০ |
| ৩০ | ১৫ | ১৫ |
| ২০ | ২০ | ১০ |

ক. উপযোগ কাকে বলে? ১
খ. যোগান বিধিটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের আলোকে যোগান রেখা অঙ্কন করো। ৩
ঘ. উদ্দীপকের আলোকে ভারসাম্য দাম নির্ধারণ করো এবং এই দামে চাহিদা ও যোগানের অবস্থা বিশ্লেষণ করো। ৪

৫। রবি একজন আসবাবপত্র ব্যবসায়ী। দেশের বিভিন্ন স্থানে তার আসবাবপত্রের দোকান আছে। তিনি ৩৫ জন কর্মচারীর সাহায্যে কাঠ থেকে বিভিন্ন আসবাবপত্র তৈরি করে দোকানে সরবরাহ করেন। প্রতিটি দোকানের জন্য তিনি আলাদা লোক নিয়োগ করেন। পণ্যের বাজার বিস্তৃত করার জন্য তিনি প্রদর্শনীতে অংশগ্রহণ করেন। বাজারে তার আসবাবপত্রের চাহিদা দিন দিন বেড়েই চলেছে।

ক. আয় কী? ১
খ. শক্তি সম্পদ বলতে কী বোঝায়? ২
গ. রবির উপযোগ সৃষ্টির প্রক্রিয়া তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. রবিকে কি একজন সফল সংগঠক বলা যায়? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৬। নিচের সূচিটি লক্ষ করো :

**দৃশ্যপট-১ :**

| খাত | উৎপাদন (মেট্রিক টন) | চলতি বাজার মূল্য (টাকা) |
|---|---|---|
| ক | ১০ | ২০ |
| খ | ১৫ | ১৫ |
| গ | ২০ | ১০ |

**দৃশ্যপট-২ :** আতাউল্লাহ বাংলাদেশে কারিগরি প্রশিক্ষণ গ্রহণ করে কাতারে ভালো বেতনে চাকরি করেন। তিনি প্রতি মাসে ৫০,০০০ টাকা বেতন পান। তা থেকে ২০,০০০ টাকা রেখে বাকি টাকা রেমিট্যান্স হিসেবে দেশে পাঠান।

ক. CCC-এর পূর্ণরূপ কী? ১
খ. জাতীয় আয় গণনায় শুধু চূড়ান্তদ্রব্য ও সেবার মূল্য অন্তর্ভুক্ত করা হয় কেন? ২
গ. দৃশ্যপট-১-এ বর্ণিত তথ্য হতে জাতীয় আয় নির্ণয়ের জন্য কোন পদ্ধতিটি প্রযোজ্য? ব্যাখ্যা করো। ৩
ঘ. "আতাউল্লাহর অর্জিত মাসিক বেতনের সম্পূর্ণ অংশ কাতার ও বাংলাদেশের GDP তে অন্তর্ভুক্ত হবে"- উক্তিটির যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৭। **দৃশ্যপট-১ :** সিদ্দিক সাহেব রাস্তার পাশের বাজার থেকে ছোট মাছ, মুরগি নিয়ে রাত ৮টায় বাসায় আসেন। মিসেস সিদ্দিক সবজি আনতে বললে তিনি বলেন, এখন তা আর পাওয়া যাবে না।

**দৃশ্যপট-২ :** নাদিয়া একটি নির্দিষ্ট ব্র্যান্ডের ব্যাগ ব্যবহার করে। সে নতুন একটি ব্যাগ কিনতে গেলে আগের চেয়ে দাম বেশি দেখতে পায়। এর কারণ জানতে চাইলে দোকানি জানায় যে উক্ত ব্যাগ একটি মাত্র কোম্পানি আমদানি করে। কোম্পানি দাম বাড়ালে তাদের কিছু করার থাকে না। অনুরূপ কোনো ব্যাগ বাজারে না থাকায় নাদিয়াকে উচ্চ দরে ব্যাগটি ক্রয় করতে হয়।

ক. ফার্ম কাকে বলে? ১
খ. উৎপাদিত দ্রব্যের পৃথকীকরণ বলতে কী বোঝায়? ২
গ. সিদ্দিক সাহেব কোন ধরনের বাজার থেকে মাছ ও মুরগি ক্রয় করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশে নাদিয়ার ক্রয়কৃত পণ্যের বাজারের পরিধি কতটুকু? বিশ্লেষণ করো। ৪

৮। ঘটনা-১ : জনাব আজমল হোসেন যে দেশে বসবাস করেন, দেশটির জনসাধারণ কারিগরি জ্ঞানে খুব সমৃদ্ধ। দেশটির জনসাধারণের গড় আয় খুব বেশি এবং উন্নত পরিবহন ও যোগাযোগ ব্যবস্থা রয়েছে।

ঘটনা-২ : হারুন একজন কৃষক। তার নিজ জমিতে ফসল উৎপাদন করে জীবিকা নির্বাহ করে। পরবর্তীতে তার তিন ছেলে তার সাথে ফসল উৎপাদনের কাজে যোগ দেয়। কিন্তু জমির ফসল উৎপাদন একই থেকে যায়।

ক. নিট জাতীয় আয় কাকে বলে? ১
খ. আয় পদ্ধতিতে কীভাবে জাতীয় আয় হিসাব করা হয়? বুঝিয়ে লেখো। ২
গ. অর্থনৈতিক উন্নয়নের ভিত্তিতে ঘটনা-১ এ উল্লিখিত দেশটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. ঘটনা-২-এ কোন ধরনের বেকারত্ব সৃষ্টি হয়েছে তা চিহ্নিত করে নিরসনের উপায় বিশ্লেষণ করো। ৪

৯। ফজলে কবির একজন নামকরা কবি। তার বেশ কয়েকটি কবিতার বই প্রকাশিত হয়েছে। সারা দেশে তার অনেক সুনাম। এছাড়া নিজ উদ্যোগে তিনি একটি বিদ্যালয় স্থাপন করেও অনেক প্রশংসিত হয়েছেন।

ক. দ্রব্য কী? ১
খ. অর্থনৈতিক ও অ-অর্থনৈতিক কার্যাবলির মধ্যে পার্থক্য রচনা করো। ২
গ. জনাব ফজলে কবিরের কবিতা লেখার পারদর্শিতা কোন ধরনের সম্পদ? ব্যাখ্যা করো। ৩
ঘ. "জনাব ফজলে কবিরের স্থাপিত বিদ্যালয়টি একটি উৎপাদিত সম্পদ" মন্তব্যটির সত্যতা যাচাই করো। ৪

১০। রুবা একটি আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত। তার প্রতিষ্ঠান জনগণকে ঋণ দিতে পারে-না, কিন্তু অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের ঋণ পরিচালনার ক্ষেত্রে পরামর্শদাতা হিসেবে কাজ করে। অন্যদিকে তার বান্ধবীও অন্য একটি আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত। এটি জনগণের - সঞ্চিত অর্থ জমা রাখে এবং এর বিপরীতে অতিরিক্ত অর্থ প্রদান করে।

ক. বিহিত অর্থ কাকে বলে? ১
খ. নিকাশ ঘর বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. রুবার প্রতিষ্ঠানের প্রকৃতি ব্যাখ্যা করো। ৩
ঘ. রুবার প্রতিষ্ঠানের সাথে তার বান্ধবীর প্রতিষ্ঠানের পার্থক্য বিশ্লেষণ করো। ৪

১১। মাহিন একটি ডিপার্টমেন্টাল স্টোরে কেনাকাটা করতে যায়। দাম পরিশোধ করতে গেলে তাকে প্রকৃত দামের সাথে কিছু অতিরিক্ত মূল্য পরিশোধ করতে হয়। এ প্রসঙ্গে দোকানিকে জিজ্ঞাসা করলে তিনি বলেন, "এটি বিক্রয়ের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত হারে ক্রেতার নিকট থেকে আদায় করা হয়।"

ক. VAT-এর পূর্ণরূপ কী? ১
খ. আবগারি শুল্ক বলতে কী বোঝায়? ২
গ. মাহিনের কাছ থেকে আদায়কৃত অতিরিক্ত অর্থ সরকারি রাজস্বের কোন উৎসের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩
ঘ. আবগারি শুল্কের সাথে মাহিনের কাছ থেকে আদায়কৃত অতিরিক্ত অর্থের সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

মডেল টেস্ট- ০৩

# বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা

**বিষয় : অর্থনীতি** (বহুনির্বাচনি অভীক্ষা অংশ) **বিষয় কোড : 1 4 1**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১]

**প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।**

**১. অর্থনীতির জনক কে?**
ক) সুজুকি চান খ) মার্শাল গ) এল. রবিন্স ঘ) অ্যাডাম স্মিথ

**২. মানুষ সাধারণত কোন জিনিসটির অভাব অনুধাবন করতে পারে না?**
ক) অর্থ খ) পোশাক গ) বাতাস ঘ) ঘর

**৩. অতিরিক্ত মুদ্রা ছাপানোর ফলে –**
i. মূল্যস্তর বাড়ে ii. অর্থের মূল্য বাড়ে iii. জীবনযাত্রার মান নিম্নমুখী হয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৪. $S = Y - C$ যখন –**
ক) $Y > C$ খ) $Y < C$ গ) $Y = C$ ঘ) $Y \neq C$

**৫. কারখানায় উৎপাদিত দ্রব্য হলো –**
i. বস্ত্র ii. বই ও কলম iii. আসবাব
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**□ নিচের উদ্দীপকটি পড় এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :**
হাসান আম খাওয়ার জন্য বাজারে যায়। সে ১০ টাকা দিয়ে একটি আম কিনে খায়। পরবর্তী আমের জন্য সে আট টাকা দাম দেয়। তৃতীয় একক আমের জন্য দাম দেয় ছয় টাকা।

**৬. উক্ত উপযোগের সম্পর্ক হলো –**
i. মোট উপযোগ বাড়লে প্রান্তিক উপযোগ কমে
ii. মোট উপযোগ বাড়লে প্রান্তিক উপযোগ স্থির থাকে
iii. মোট উপযোগ সর্বোচ্চ হলে প্রান্তিক উপযোগ শূন্য হয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৭. আমের একক বৃদ্ধির সাথে সাথে হাসান এর মোট উপযোগ –**
ক) হ্রাস পায় খ) বৃদ্ধি পায় গ) স্থির থাকে ঘ) কোনোটি নয়

**□ নিচের উদ্দীপকটি পড় এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :**
একটি প্রাইভেট শিক্ষা প্রতিষ্ঠানে অর্থনীতির শিক্ষক আসিফ সাহেব শ্রেণিকক্ষে বললেন আমার কাজটিও উৎপাদন প্রক্রিয়ার অন্তর্ভুক্ত। রাফি বলল স্যার আপনার কাজটির বিনিময়ে আপনি অর্থ সম্মানী পেয়ে থাকেন।

**৮. আসিফ সাহেবের কাজটি কোন ধরণের উৎপাদনের অন্তর্ভুক্ত?**
ক) রূপগত উপযোগ খ) স্থানগত উপযোগ
গ) সময়গত উপযোগ ঘ) সেবাগত উপযোগ

**৯. আসিফ সাহেব এ উৎপাদন প্রক্রিয়ায় একজন –**
i. সংগঠক ও মালিক ii. উৎপাদক iii. শারীরিক ও মানসিক শ্রমিক
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১০. একচেটিয়া বাজারে AR ও MR রেখা কি হয়?**
ক) সমান্তরাল হয় খ) নিম্নগামী হয়
গ) উর্ধ্বগামী হয় ঘ) কোনোটিই নয়

**১১. বর্তমান সময়ের অধিকাংশ লেনদেন কিসের মাধ্যমে হয়?**
ক) চেক খ) ব্যাংক ড্রাফট গ) বিনিময় বিল ঘ) সবগুলো

**১২. পণ্যের পরিমাপক কী?**
ক) অর্থ খ) ব্যাংক হিসাব গ) বন্ড ঘ) শেয়ার

**১৩. বিল বাট্টাকরণ করে কোনটি?**
ক) কেন্দ্রীয় ব্যাংক খ) বাণিজ্যিক ব্যাংক
গ) এনজিও ঘ) সরকার

**□ নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
সেলিম সাহেব একজন শিল্পপতি। তিনি একটি ব্যাংক প্রতিষ্ঠা করতে চান। এজন্য একটি ব্যাংকের কাছে ব্যাংক স্থাপনের অনুমতি চেয়ে আবেদন করেন।

**১৪. সেলিম সাহেব কোন ব্যাংকের কাছে ব্যাংক স্থাপনের অনুমতি চেয়ে আবেদন করেন?**
ক) কেন্দ্রীয় ব্যাংক খ) গ্রামীণ ব্যাংক গ) কৃষি ব্যাংক ঘ) সোনালী ব্যাংক

**১৫. সেলিম সাহেব যে ব্যাংকে আবেদন করেন তার কাজ হলো –**
i. নোট ও মুদ্রার প্রচলন ii. বিনিময় হার নির্ধারণ ও নিয়ন্ত্রণ
iii. সর্বশেষ ঋণদাতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৬. আমাদের দেশে কৃষি ও শিল্প পরস্পর কীরূপ?**
ক) পরিবর্তক খ) বিকল্প গ) পরিপূরক ঘ) সম্পূরক

**১৭. গত তিন দশকে জিডিপিতে সেবা খাতের অবদান কি?**
ক) বৃদ্ধি পেয়েছে খ) হ্রাস পেয়েছে গ) স্থির রয়েছে ঘ) অসীম হয়েছে

**১৮. অনুন্নত দেশের বৈশিষ্ট্য কোনটি?**
ক) দক্ষ জনশক্তি খ) রাজনৈতিক স্থিতিশীলতা
গ) পর্যাপ্ত মূলধন ঘ) দারিদ্র্যের দুষ্টচক্র

**□ নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :**
রাজিব স্নাতক পাশ করে একটি ওষুধ কোম্পানিতে চাকরি করেন। সেখানে ভালো না লাগায় তিনি চাকরি ছেড়ে দিয়ে কিছুদিন বেকার থেকে পরবর্তীতে স্থানীয় ব্যাংক থেকে ঋণ নিয়ে পোল্ট্রি খামার স্থাপন করেন।

**১৯. রাজিবের বেকারত্বের ধরন নিচের কোনটি?**
ক) মৌসুমি খ) ছদ্মবেশী গ) সাময়িক ঘ) প্রচ্ছন্ন

**২০. খামার স্থাপনের মাধ্যমে –**
i. জিডিপি বৃদ্ধি পাবে ii. ভোগ বৃদ্ধি পাবে iii. মূলধন গঠন হবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২১. নন জুডিশিয়াল স্ট্যাম্প কেন ব্যবহৃত হয়?**
ক) মামলা মোকাদ্দমার জন্য খ) আমদানির জন্য
গ) রপ্তানির জন্য ঘ) বিদেশ ভ্রমণের জন্য

**২২. নিচের কোনটি দারিদ্র্য বিমোচন কর্মসূচি?**
ক) TR খ) GR গ) VGD ঘ) সবগুলো

**২৩. 'Wealth of Nations' গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?**
ক) ১৮৫৪ খ) ১৮২০ গ) ১৭৭৬ ঘ) ১৭৭০

**২৪. উৎপাদিত সম্পদ হলো –**
i. হাসপাতাল ii. বনভূমি iii. শিশু পার্ক
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৫. বাংলাদেশে গ্যাস পরিচালিত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র কোনটি?**
ক) গোয়ালপাড়া তাপবিদ্যুৎ কেন্দ্র খ) চট্টগ্রাম তাপবিদ্যুৎ কেন্দ্র
গ) ভেড়ামারা তাপবিদ্যুৎ কেন্দ্র ঘ) সৈয়দপুর তাপবিদ্যুৎ কেন্দ্র

**২৬. নিচের কোনটি সঞ্চয়ের সমীকরণ?**
ক) $D = S - E$ খ) $S = Y - C$ গ) $C = Y - S$ ঘ) $Y = S - C$

**২৭. বাংলাদেশে নারী উন্নয়নে বড় সংগঠন কোনটি?**
ক) ব্র্যাক খ) টিএমএসএস গ) প্রশিকা ঘ) আশা

**২৮. ধনতন্ত্রের অদৃশ্য শক্তিকে কি বলা হয়?**
ক) সরকারি পরিকল্পনা খ) দাম ব্যবস্থা
গ) জনশক্তি ঘ) সামাজিক কল্যাণ

**২৯. মূলধনের আয়কে কি বলে?**
ক) খাজনা খ) মজুরি গ) সুদ ঘ) মুনাফা

**৩০. সরকারি ঋণের বিপরীতে কি দেওয়া হয়?**
ক) খাজনা খ) মুনাফা গ) সুদ ঘ) বিনিয়োগ

**■ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা

**বিষয় : অর্থনীতি** (সৃজনশীল প্রশ্ন) **বিষয় কোড :** 1 4 1

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **মান : ৭০**

[*দ্রষ্টব্য:* ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জনাব আবুল হোসেন একজন দরিদ্র কৃষক। তার নিজের কোন জমি নেই। তিনি অন্যের জমিতে চাষাবাদ করেন। যৌথ পরিবার চালাতে তার অনেক সমস্যা হয়। তিনি বরাবর পরিবারের সদস্যদের চাহিদা পূরণের চেষ্টা করেন।

ক. ধনতান্ত্রিক অর্থব্যবস্থা কী? ১
খ. অর্থনীতিতে কেনো সরকারি হস্তক্ষেপ দরকার? ২
গ. জনাব আবুল হোসেন তার সীমিত সম্পদ ছাড়াও আর যে কারণে সমস্যায় পড়ছেন তা ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব আবুল হোসেন অর্থনীতির কোন ধারণাকে কাজে লাগিয়ে তার এই সমস্যা দূর করতে পারবে আলোচনা করো। ৪

২। মোহনার দাদা গ্রামে বাস করেন। তিনি ধান, গম, আলু সহ বিভিন্ন শাকসবজি চাষাবাদ করেন। আবার মোহনার বাবা শহরে কাজ করেন। তার বাবা সোনা দিয়ে কানের দুল, হাতে চুড়ি, গলায় হার সহ অনেক সুন্দর গহনা তৈরি করেন।

ক. ভোগ কাকে বলে? ১
খ. উপযোগকে কেন একটি মানসিক ধারণা বলা হয়? ২
গ. মোহনার বাবার কাজ কোন ধরনের অর্থনৈতিক কার্যাবলির অন্তর্ভুক্ত ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের 'মোহনার দাদার কর্মরত খাতেই দেশের বেশিরভাগ মানুষ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে নির্ভরশীল' বিশ্লেষণ করো। ৪

৩। নিচের সূচি লক্ষ করো এবং উত্তর দাও:

| একক কমলার দাম (টাকায়) | চাহিদা (সংখ্যায়) |
|---|---|
| ৮.০০ | ৬টি |
| ৬.০০ | ৮টি |
| ৪.০০ | ১০টি |

ক. চাহিদা বিধি কী? ১
খ. মোট বাজার চাহিদা কীভাবে পাওয়া যায় ব্যাখ্যা করো। ২
গ. উপরের সূচি থেকে চাহিদা রেখা অঙ্কন করে ব্যাখ্যা করো। ৩
ঘ. ক্রেতার আয় এবং পছন্দ পরিবর্তন হলে উপরের বিধিটি কী কার্যকর হবে? মতামত দাও। ৪

৪। ইয়াসের ৪ বিঘা জমির ওপর একটি পেয়ারার বাগান আছে। তার বাড়ি স্বরূপকাঠি। এবছর তার পেয়ারার বাগানে বেশি পরিমাণ পেয়ারার উৎপাদন হয়েছে। তবুও তার অভাবে ভাবনার শেষ নেই। কারণ মধ্যস্বত্বভোগীদের কারণে দাম পাওয়ার সম্ভাবনা কম। সে বন্ধু হারুন এর পরামর্শে তার পেয়ারা বরিশালে নিয়ে ভালো দামে বিক্রি করে।

ক. উৎপাদন কাকে বলে? ১
খ. সেবাগত উৎপাদন বলতে কী বোঝায়? ২
গ. ইয়াসের কাজটি কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছে ব্যাখ্যা করো। ৩
ঘ. অর্থনীতির ভাষায় ইয়াসকে আমরা কী বলতে পারি? বিশ্লেষণ করো। ৪

৫। যশোরের ঝিকরগাছায় কৃষক মালেক মিয়া তুলা চাষ করেন। তিনি উৎপাদিত তুলা যশোরের বড় তুলা ব্যবসায়ীর কাছে বিক্রি করেন। সেখান থেকে তুলা বিদেশে রপ্তানি হয়ে থাকে। আবার ওই গ্রামেরই মুরাদ হোসেন তার ফার্মের মুরগি গ্রামের বাজারে বিক্রি করেন।

ক. ফার্ম কী? ১
খ. দীর্ঘকালীন বাজার বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে তুলার বাজারকে কী ধরনের বাজার বলা হয় এবং কেন? ব্যাখ্যা কর? ৩
ঘ. মুরাদ হোসেন যে বাজারে মুরগি বিক্রি করেন সে বাজার দেশের সর্বত্র বিরাজমান-বিশ্লেষণ করো। ৪

৬। মাধ্যমিক শ্রেণির ছাত্রী জিনিয়া। তার বন্ধু মিরাজকে বলে যে সে বুঝতে পারে না কীভাবে দেশের মোট আয় এর হিসাব করা সম্ভব। মিরাজ তাকে বুঝিয়ে বলে যে উৎপাদনের চারটি উপকরণ একত্র করে মোট আয় নির্ণয় করা সম্ভব।

ক. CCA-এর পূর্ণরূপ কী? ১
খ. মোট জাতীয় উৎপাদন বলতে কী বোঝায়? ২
গ. মিরাজ জাতীয় আয় হিসাবের যে উপকরণের কথা বলে সেটি ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের পদ্ধতি ছাড়া জাতীয় আয় পরিমাপের অন্য কোন পদ্ধতি আছে কি? যদি থাকে সেগুলো আলোচনা করো। ৪

৭। রাশেদ সাহেব পেশায় ব্যবসায়ী। তিনি তার ব্যবসার মাধ্যমে অর্জিত অর্থের কিছু অংশ ভোগ ব্যয়ের জন্য ব্যবহার করেন এবং বাকি অংশ সঞ্চয় করেন। তিনি তার সঞ্চিত অর্থ ব্যাংকে রাখার সিদ্ধান্ত নেন। তিনি বাণিজ্যিক ব্যাংক সম্পর্কে খোঁজ খবর নেন। ব্যাংক থেকে দরকারে ঋণও নিতে পারবেন।

ক. অর্থ কী? ১
খ. নিকাশ ঘর বলতে কী বোঝায়? ২
গ. রাশেদ যে ব্যাংক থেকে সুবিধা পান সেটি ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত ব্যাংকটি কীভাবে দেশের উন্নয়নে ভূমিকা রাখতে পারে বিশ্লেষণ করো। ৪

৮। সাদ্দাম সাহেব একটি গার্মেন্টস শিল্পের মালিক। এসব শিল্পে বহুলোকের কর্মসংস্থান হয়েছে এবং বৈদেশিক মুদ্রা অর্জন হচ্ছে। দেশের অবকাঠামোগত সুবিধা কম থাকায় অনেকের ইচ্ছা থাকা সত্ত্বেও এ খাতে তেমন বিনিয়োগ হচ্ছে না।

ক. বাংলাদেশের শ্রমশক্তির কত ভাগ কৃষি ক্ষেত্রে নিয়োজিত? ১
খ. বাংলাদেশের পুঁজি গঠনের হার কম কেন? ব্যাখ্যা করো। ২
গ. সাদ্দাম সাহেব দেশের অর্থনীতিতে যে খাতে অবদান রাখছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়নে সাদ্দাম সাহেবের শিল্পটি কীভাবে ভূমিকা রাখছে ব্যাখ্যা করো। ৪

৯। সুজুকি চান একজন জাপানি নাগরিক। তাদের দেশে জনশক্তিকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়। তাই তারা জনশক্তিকে দক্ষ করে গড়ে তোলে। সেই সাথে তাদের কারিগরি জ্ঞান অর্জনে অবদান রাখে। তাদের অর্থনৈতিক অবস্থায় পৃথক বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়।

ক. বেকারত্ব কাকে বলে?
খ. বেকারত্ব নিরসনের কয়েকটি উপায় উল্লেখ করো।
গ. সুজুকি চানের দেশের অর্থনৈতিক অবস্থা কীরকম তা ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের সুজুকি চান এর দেশে বিদ্যমান অর্থনৈতিক পরিস্থিতির জন্য কোনটি মূল্যায়ন করা হয়েছে তা বিশ্লেষণ করো। ৪

১০। আরমান একজন দিনমজুর। সে চুক্তিতে বড় বড় কোম্পানিতে কাজ করে। একদিন সে জানতে পারে তার মালিক এ মাসে কর পরিশোধ করেছে। এজন্য কোম্পানি তাকে মজুরি দিতে দুদিন বিলম্ব করে।

ক. সরকারি অর্থব্যবস্থা কাকে বলে? ১
খ. কর রাজস্ব বলতে কী বোঝায়? ২
গ. আরমানের মালিক যে কর দিয়েছে তা কী রকম কর? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের আলোকে আরমানের মালিক যে কর দিয়েছে সেটি ছাড়া অন্যান্য উপায়সমূহ বিশ্লেষণ করো। ৪

১১। ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা নতুন রাস্তাঘাট নির্মাণ, স্কুল, কলেজ প্রতিষ্ঠা, হাসপাতাল স্থাপন করে সরকার সেগুলো দেখাশোনার জন্য সুদক্ষ লোকবল নিয়োগ করে। এতে অল্প দিনে হরিণাকুণ্ডু একটি আদর্শ উপজেলায় রূপান্তরিত হয়। কিন্তু এই অবকাঠামো থাকা সত্ত্বেও অনেক উপজেলা হরিণাকুণ্ডু উপজেলার তুলনায় আজও পিছিয়ে।

ক. আবগারি শুল্ক কী? ১
খ. উদ্বৃত্ত বাজেট কী? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের হরিণাকুণ্ডু উপজেলার উন্নয়নমূলক কাজগুলো কোন বাজেটের অন্তর্ভুক্ত তার প্রকৃতি ব্যাখ্যা করো। ৩
ঘ. হরিণাকুণ্ডু উপজেলার তুলনায় দেশের অন্যান্য উপজেলার পিছিয়ে পড়ার কারণ বিশ্লেষণ করো। ৪

মডেল টেস্ট- ০৪

# হলি ক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা

**বিষয় : অর্থনীতি** (বহুনির্বাচনি অভীক্ষা অংশ) **বিষয় কোড : | 1 | 4 | 1 |**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১]

**প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।**

**১. অর্থশাস্ত্র গ্রন্থটি রচনা করেছেন –**
ক প্লেটো খ এরিস্টটল
গ কৌটিল্য ঘ অ্যাডাম স্মিথ

**২. সেবাগত উৎপাদনের উদাহরণ হচ্ছে–**
i. আখ থেকে চিনি উৎপাদন ii. শিক্ষকের শিক্ষকতা
iii. গম থেকে আটা উৎপাদন
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ iii ঘ i ও ii

**৩. উৎপত্তির ভিত্তিতে সম্পদ কত প্রকার?**
ক ৩ প্রকার খ ৪ প্রকার
গ ৫ প্রকার ঘ ৬ প্রকার

**৪. কোন ধরনের দ্রব্য বার বার উৎপাদন কাজে ব্যবহৃত হয়?**
ক মধ্যবর্তী দ্রব্য খ চূড়ান্ত দ্রব্য
গ মূলধনী দ্রব্য ঘ অস্থায়ী দ্রব্য

**৫. কোথায় সিলিকা বালু পাওয়া যায়?**
ক রংপুর খ দিনাজপুর
গ জামালপুর ঘ ফরিদপুর

**☐ নিচের উদ্দীপকটি পড় এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :**
নাবিল সরকারি স্কুলে লেখাপড়া করে। তার বোন একটি বেসরকারি স্কুলে পড়ে। অন্যদিকে রুমানা একটি দেশে পড়াশোনা করতে যায়, যেখানে কোনো বেসরকারি প্রতিষ্ঠান নেই।

**৬. নাবিলের দেশে কোন ধরনের অর্থব্যবস্থা বিদ্যমান?**
ক ধনতান্ত্রিক খ মিশ্র
গ সমাজতান্ত্রিক ঘ ইসলামি

**৭. রুমানার বসবাসকারী দেশে –**
i. আয় বণ্টন সুষম ii. শ্রমিক শোষণ হয় iii. ভোক্তার স্বাধীনতা নেই
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৮. দ্রব্যের যোগানের হ্রাস বৃদ্ধি কোনটির উপর নির্ভরশীল?**
ক চাহিদা খ আয়
গ সামর্থ্য ঘ দাম

**৯. একজন ব্যক্তির আয় (Y) = ২০০ টাকা, সঞ্চয় (S) = ৫০ টাকা। ঐ ব্যক্তির ভোগ ব্যয় (C) কত টাকা?**
ক ৫০ খ ১৫০ গ ২০০ ঘ ২৫০

**১০. ভারসাম্যের ক্ষেত্রে কোন শর্তটি আবশ্যক?**
ক চাহিদা > যোগান খ চাহিদা = যোগান
গ চাহিদা < যোগান ঘ দাম = প্রান্তিক ব্যয়

**১১. বৃষ্টিপাত উৎপাদনের কোন ধরনের উপকরণ?**
ক মূলধন খ শ্রম গ ভূমি ঘ সংগঠন

**১২. চাহিদা রেখার আকৃতি সাধারণত কেমন হয়?**
ক উর্ধ্বগামী খ বাম থেকে ডান দিকে উর্ধ্বগামী
গ নিম্নগামী ঘ বাম থেকে ডান দিকে নিম্নগামী

**১৩. কোন নির্দিষ্ট সময়ে কোনো দেশের নাগরিকগণ কর্তৃক যে পরিমাণ চূড়ান্ত দ্রব্য ও সেবা উৎপন্ন হয়, তার বাজার মূল্যের সমষ্টিকে কি বলে?**
ক GNI খ GDP গ NNI ঘ CCA

**১৪. মোট উপযোগ যখন সর্বোচ্চ, প্রান্তিক উপযোগ তখন কত হবে?**
ক ধনাত্মক খ ঋণাত্মক গ শূন্য ঘ সর্বোচ্চ

**১৫. পেশা পরিবর্তনের সময় যে বেকারত্ব তৈরি হয় তাকে কী বলে?**
ক মৌসুমি বেকারত্ব খ সাময়িক বেকারত্ব
গ ছদ্মবেশী বেকারত্ব ঘ প্রান্তিক বেকারত্ব

**১৬. ফারিয়া একজন দক্ষ শ্রমিক। ফারিয়ার যোগ্যতা কোন ধরনের সম্পদ?**
ক ব্যক্তিগত সম্পদ খ মানবিক সম্পদ
গ জাতীয় সম্পদ ঘ সমষ্টিগত সম্পদ

**১৭. গণি মিয়া ও তার ছেলে ঘুম ও আরাম ত্যাগ করে তাদের লিচু বাগানকে নানা উপদ্রব থেকে রক্ষা করেন। এটি কোন ধরনের ব্যয়?**
ক প্রকৃত উৎপাদন ব্যয় খ আর্থিক উৎপাদন ব্যয়
গ প্রকাশ্য ব্যয় ঘ ব্যক্তিগত ব্যয়

**১৮. সরকার যখন অতিমাত্রায় মুদ্রা ছাপায়, তখন দ্রব্যমূল্য বেড়ে যায়। কারণ–**
i. জনগণের হাতে নগদ অর্থ বেড়ে যায় ii. ব্যাংকের ঋণদান ক্ষমতা কমে যায়
iii. জনগণের ক্রয় ক্ষমতা বেড়ে যায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**১৯. জাতীয় আয় গণনার সময় কোন পর্যায়ের দ্রব্য ও সেবা বিবেচিত হয়?**
ক মূলধনী খ চূড়ান্ত গ মাধ্যমিক ঘ প্রাথমিক

**☐ নিচের উদ্দীপকটি পড় এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :**
পারুল নিজের ঘরের পাশের জমিতে সবজি চাষ করেন। তিনি প্রায়ই সকাল বেলা পাশের বাজারে ঐগুলো বিক্রি করেন। কিন্তু ভালো দাম পান না।

**২০. পারুলের বাড়ির পাশের বাজারটি কোন ধরনের বাজার?**
ক স্থানীয় বাজার খ দীর্ঘকালীন বাজার
গ জাতীয় বাজার ঘ পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার

**২১. পারুলের দ্রব্যটির ন্যায্য দাম নিশ্চিত করতে হলে –**
i. যোগাযোগ ব্যবস্থা উন্নত করতে হবে
ii. বিক্রির জন্য কম জিনিস সরবরাহ করতে হবে
iii. হিমাগার স্থাপন করতে হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২২. ফেডারেল রিজার্ভ সিস্টেম কোন দেশের কেন্দ্রীয় ব্যাংক?**
ক বাংলাদেশ খ ভারত গ যুক্তরাজ্য ঘ যুক্তরাষ্ট্র

**২৩. ব্র্যাক কত সালে প্রতিষ্ঠিত হয়?**
ক ১৯৭৫ খ ১৯৭৪ গ ১৯৭৩ ঘ ১৯৭২

**২৪. সিগারেট ও তামাকে কোন শুল্ক ধার্য করা হয়?**
ক আমদানি খ আবগারি গ রপ্তানি ঘ সম্পূরক

**২৫. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে এক পণ্য অন্য থেকে পৃথক করা যায় না। কারণ–**
i. গুণগত দিক একই ii. পরিমাণগত দিক একই
iii. সব পণ্য দেখতে একই রকম
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৬. বৈদেশিক দান-অনুদান কোন বাজেটে অন্তর্ভুক্ত?**
ক রাজস্ব খ ঘাটতি গ সুষম ঘ মূলধন

**২৭. "Monopoly" বাজারে কতজন ক্রেতা থাকে?**
ক একজন খ দুইজন গ তিনজন ঘ অসংখ্য

**২৮. বাংলাদেশে নারী উন্নয়নে বড় সংগঠন কোনটি?**
ক শক্তি ফাউন্ডেশন খ এস.এস.এস
গ ব্যুরো বাংলাদেশ ঘ টি.এম.এস.এস

**২৯. কোনটি সসীম বিহিত মুদ্রা?**
ক ১০ টাকার নোট খ ৫ টাকার ধাতব মুদ্রা
গ ৫০ টাকার নোট ঘ ১০০ টাকার নোট

**৩০. উৎপাদনের জীবন্ত উপকরণ কোনটি?**
ক ভূমি খ শ্রম গ মূলধন ঘ কাঁচামাল

**■ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# হলি ক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা

**বিষয় : অর্থনীতি** (সৃজনশীল প্রশ্ন) **বিষয় কোড :** | 1 | 4 | 1 |

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **মান : ৭০**

[*দ্রষ্টব্য:* ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জনাব আশিক 'ক' দেশে বসবাস করেন। তার দেশের অধিকাংশ কর্মকাণ্ড ব্যক্তিগত উদ্যোগে পরিচালিত হয়। ব্যক্তি তার ইচ্ছেমতো ক্রয় ও ভোগ করতে পারে।
ক. মার্শাল প্রদত্ত অর্থনীতির সংজ্ঞাটি লেখো। ১
খ. যুক্তিবাদী মানুষ প্রান্তিক পর্যায় নিয়ে চিন্তা করে কেন? ২
গ. 'ক' দেশে কোন ধরনের অর্থব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'ক' দেশের অর্থব্যবস্থার সাথে বাংলাদেশের অর্থব্যবস্থার পার্থক্যগুলো বিশ্লেষণ করো। ৪

২। নিচের সূচিটি লক্ষ করো এবং প্রশ্নের উত্তর দাও:

| ভোগের একক | মোট উপযোগ (টাকায়) | প্রান্তিক উপযোগ (টাকায়) |
|---|---|---|
| ১ম | ১০ | – |
| ২য় | ১৮ | – |
| ৩য় | ২৪ | – |
| ৪র্থ | ২৮ | – |
| ৫ম | ৩০ | – |
| ৬ষ্ঠ | ৩০ | – |
| ৭ম | ২৯ | – |

ক. মোট উপযোগ কাকে বলে? ১
খ. চাহিদা বিধি কি? ব্যাখ্যা করো। ২
গ. ওপরের সূচিটি পূরণ করে রেখাচিত্রের সাহায্যে উক্ত বিধিটি ব্যাখ্যা করো। ৩
ঘ. প্রদত্ত সূচিটির দ্বারা যে বিধিটি প্রকাশ পায় তা কি সবসময় কার্যকর হয়? মতামত দাও।

৩। জরিনা বেগম ডিমের খোসা, পাট, রং দিয়ে পুতুল তৈরি করে বৈশাখি মেলায় বিক্রি করে বেশ আয় করেন।
ক. উৎপাদনের উপকরণ কাকে বলে? ১
**২০. দাম $OP_1$ থেকে $OP_2$ হলে চাহিদার কী পরিবর্তন হবে?**
ক $OQ_2$ বৃদ্ধি পাবে খ $OQ_2$ হ্রাস পাবে
গ $Q_1Q_2$ হ্রাস পাবে ঘ $Q_1Q_2$ বৃদ্ধি পাবে

**২১. কোন ধরনের অর্থনীতিতে অবাধ প্রতিযোগিতা দেখা যায়?**
ক ধনতান্ত্রিক অর্থনীতি খ সমাজতান্ত্রিক অর্থনীতি
গ নির্দেশমূলক অর্থনীতি ঘ ইসলামি অর্থনীতি

**২২. নিচের কোনটি প্রাকৃতিক সম্পদ?**
ক প্রতিভা খ দক্ষতা গ চীনামাটি ঘ শারীরিক যোগ্যতা

**২৩. কাচ তৈরিতে কাঁচামালরূপে ব্যবহৃত হয় –**
i. প্রাকৃতিক গ্যাস ii. চীনামাটি iii. সিলিকা বালু
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৪. যোগান বিধি অনুসারে দ্রব্যের যোগান কিসের ওপর নির্ভরশীল?**
ক উৎপাদন পরিমাণের ওপর খ দ্রব্যের দামের ওপর
গ ক্রেতার চাহিদার ওপর ঘ উৎপদন খরচের ওপর

**২৫. বাংলাদেশের বিদ্যুৎ উৎপাদনের জন্য ব্যবহৃত হয় -**
i. প্রাকৃতিক গ্যাস ii. নদীর স্রোত iii. আনবিক শক্তি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**২৬. $S = Y - C$ এটি কীসের সমীকরণ ?**
ক আয় খ বিনিয়োগ গ যোগান ঘ সঞ্চয়

**২৭. খনি থেকে উত্তোলিত কয়লা –**
ক অবাধলভ্য দ্রব্য খ চূড়ান্ত দ্রব্য
গ স্থায়ী ভোগ্য দ্রব্য ঘ অর্থনৈতিক দ্রব্য

**২৮. ভোগের পরিমাণ বাড়লে মোট উপযোগ –**
ক ক্রমহ্রাসমান হারে বাড়ে খ ক্রমবর্ধমান হারে বাড়ে
গ ক্রমহ্রাসমান হারে কমে ঘ সমহারে বাড়ে

**২৯. উপযোগ হলো –**
i. যা অভাব পূরণ করে ii. একটি মানসিক ধারণা
iii. সম্পদের একটি বৈশিষ্ট্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৩০. বাংলাদেশের পানির উৎস প্রধানত কয়টি?**
ক ২টি খ ৩টি গ ৪টি ঘ ৫টি

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# যশোর জিলা স্কুল

**বিষয় : অর্থনীতি** (সৃজনশীল প্রশ্ন) **বিষয় কোড :** | 1 | 4 | 1 |

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **মান : ৭০**

[*দ্রষ্টব্য:* ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। রহিম : আমাদের দেশে শিল্প কারখানা স্থাপনের ক্ষেত্রে সরকারের অনুমতি নিতে হয় না। যেকোনো ব্যক্তি ইচ্ছা করলে যেকোনো বৈধ অর্থনৈতিক কার্যাবলি সম্পাদন করতে পারে।
করিম : কিন্তু আমাদের দেশ ব্যক্তিগত উদ্যোগে শিল্প কারখানা স্থাপন করা সম্ভব নয়। রাষ্ট্রই কারখানা ও প্রতিষ্ঠান নিয়ন্ত্রণ করে।
ক. অ্যাডাম স্মিথের প্রদত্ত অর্থনীতির সংজ্ঞাটি লেখো। ১
খ. সুযোগ ব্যয় বলতে কী বোঝ? ২
গ. রহিমের দেশে কোন অর্থব্যবস্থা বিদ্যমান তা ব্যাখ্যা করো। ৩
ঘ. রহিম ও করিমের দেশে বিদ্যমান কোন অর্থব্যবস্থাটি তোমার কাছে শ্রেয় বলে তুমি মনে করো- যুক্তি দাও। ৪

২। A : ভূমি, বনভূমি, খনিজ সম্পদ, নদ-নদী
B : শারীরিক যোগ্যতা, প্রতিভা, উদ্যোগ, দক্ষতা, সাংগঠনিক ক্ষমতা।
ক. বিনিয়োগ কী? ১
খ. মূলধনী দ্রব্য বলতে কী বোঝায়? ২
গ. "B" তালিকার বিষয়গুলো অর্থনীতিতে কোন ধরনের সম্পদ? ব্যাখ্যা করো। ৩
ঘ. দেশের অর্থনৈতিক উন্নতি A ও B সম্পদগুলির ওপর কি নির্ভরশীল? আলোচনা করো। ৪

৩। জসিম গাড়ি কারখানার একজন দক্ষশ্রমিক। সে তার দক্ষতা অর্জন করেছে বলিষ্ঠ উদ্যোগ ও নিজস্ব অভিজ্ঞতার মাধ্যমে। আমাদের দেশে যতটুকু সম্পদ রয়েছে তার সুষ্ঠু ব্যবহারে সকলের যত্নবান হওয়া উচিত।
ক. সম্পদ কী? ১
খ. সম্পদের প্রধান বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ২
গ. জসিমের দক্ষতা কি মানুষ্যসৃষ্ট সম্পদ বা মানবিক সম্পদ? বিশ্লেষণ করো। ৩
ঘ. বাংলাদেশের উন্নয়নে সম্পদের সুষ্ঠু ব্যবহারে দক্ষ মানবসম্পদ তৈরি প্রয়োজন- উক্তিটি জসিমের অবস্থার আলোকে ব্যাখ্যা করো। ৪

৪। সাদেক সাহেবের আম ক্রয়ের তালিকা :

| আমের দাম (টাকায়) | আমের চাহিদা (কেজিতে) |
|---|---|
| ১০০ | ১০ |
| ৮০ | ১২ |
| ৬০ | ১৪ |
| ৪০ | ১৬ |

ক. ভারসাম্য দাম কাকে বলে? ১
খ. যোগান রেখা ডানদিকে উর্ধ্বগামী হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. ওপরের সূচি থেকে চাহিদা রেখা অঙ্কন করে ব্যাখ্যা করো। ৩
ঘ. ওপরের সূচিতে সাদেকের আয় বেড়ে গেলে চাহিদা বিধিটিতে ব্যতিক্রম ঘটার সম্ভাবনা আছে কি? মতামত দাও। ৪

৫। নিচের চিত্রটি দেখ ও প্রশ্নগুলোর উত্তর দাও।




ক. ভোগ কাকে বলে? ১
খ. প্রান্তিক উপযোগ বলতে কী বোঝায়? ২
গ. ওপরের চিত্র হতে চাহিদা রেখাটি চিহ্নিত করে ব্যাখ্যা করো। ৩
ঘ. বাজারে ভারসাম্য দাম ও ভারসাম্য প্রক্রিয়ার কীভাবে নির্ধারিত হয় তা উদ্দীপকের চিত্রের সাহায্যে বিশ্লেষণ করো। ৪

৬। মি. রবার্ট একজন দক্ষ উদ্যোক্তা, তিনি উৎপাদন প্রক্রিয়ার জন্য খুব দ্রুত কার্যকরী পদক্ষেপ নিতে পারেন। তিনি শুধু দক্ষ নন, সাহসীও বটে। উৎপাদন প্রকিয়ায় উদ্যোক্তা হিসেবে যাবতীয় উপকরণের সমন্বয় সাধন করে সফল হয়েছেন।
ক. উদ্যোক্তা কী? ১
খ. সংগঠন বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. মি. রবার্টের মতো উদ্যোক্তাকে শিল্পধিনায়ক আখ্যায়িত করা যায়- কারণ ব্যাখ্যা করো। ৩
ঘ. উৎপাদন প্রকিয়ায় মি. রবার্টের মতো সংগঠনের বিকাশ দেশের উন্নয়নে সহায়ক- মতামত দাও। ৪

৭। **ঘটনা-১ :** বাবুল ১০ বছর যাবৎ দুবাইতে কর্মরত। তিনি প্রতি মাসে আয়ের বেশকিছু অংশ দেশে প্রেরণ করে।
ঘটনা-২ : মি. অ্যান্থনি যুক্তরাজ্যের নাগরিক। তিনি বাংলাদেশে একটি বেসরকারি সংস্থায় কর্মরত। প্রতি মাসে তিনি ও তার দেশে টাকা পাঠান।
ক. নিট জাতীয় আয় কাকে বলে? ১
খ. আয় পদ্ধতিতে কীভাবে জাতীয় আয় পরিমাপ করা হয়? ২
গ. বাবুলের অর্থ প্রেরণ আমাদের জাতীয় আয় পরিমাপে কীভাবে সম্পৃক্ত হয়-ব্যাখ্যা করো। ৩
ঘ. মি. অ্যান্থনির আয় কি বাংলাদেশের জাতীয় আয়কে প্রভাবিত করবে? তোমার মতামত দাও। ৪

৮। জাহিদ তার নানা বাড়ি মধুপুরে বেড়াতে যায়। তার নানা পুকুরে মাছ চাষ করেন। জাহিদ তার নানা বাড়ির পাশে প্রচুর গাছপালা ও জীবজন্তু দেখতে পায়। সে জানতে পারে এটি একটি বিশেষ ধরনের অঞ্চল।
ক. G.N.I-এর পূর্ণরূপ কী? ১
খ. মোট দেশজ উৎপাদন বলতে কী বোঝায়? ২
গ. জাহিদ তার নানা বাড়ির পাশে যে অঞ্চলটি দেখতে পায়, সেটি অর্থনীতির কোন খাতের অন্তর্ভুক্ত- ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশের অর্থনীতিতে জাহিদের নানার চাষকৃত মাছের অবদান বিশ্লেষণ করো। ৪

৯। জাহির সাহেব একজন স্কুল শিক্ষক। তিনি প্রতি মাসে আয়ের কিছু অংশ একটি ব্যাংকে জমা রাখেন। মাঝে মাঝে তিনি প্রয়োজনমতো টাকা তুলে খরচ করেন। এভাবে তার বেশ কিছু টাকা সঞ্চয় হয়ে যায়।
ক. সরকারের সর্বোচ্চ ক্ষমতাপ্রাপ্ত আর্থিক প্রতিষ্ঠান কোনটি? ১
খ. অর্থকে ঋণের ভিত্তি হিসেবে গণ্য করা হয় কেন? ২
গ. উদ্দীপকে যে ব্যাংকের কথা বলা হয়েছে সেটি ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের ব্যাংকের কার্যাবলি বিশ্লেষণ করো। ৪

১০। অর্থনৈতিক প্রবৃদ্ধি
↓
কর্মসংস্থান বৃদ্ধি
↓
জীবন যাত্রার মান বৃদ্ধি
↓
?

ক. বাংলাদেশের দারিদ্র্য পরিমাপ করা হয় কোন পদ্ধতিতে? ১
খ. সাময়িক বেকারত্ব বলতে কী বোঝায়? ২
গ. ছকের ? চিহ্নিত স্থানটি যে ধারণা নির্দেশ করে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. ছকে বর্ণিত ধারণাসমূহের মধ্যে প্রথমটির সাথে সর্বশেষটির সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

১১। বাংলাদেশ সরকারের ২০১৬-২০১৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেট:
বাজেটের মোট আয়াতন/ব্যয়: ৩,৪০,৬০৫ মোট রাজস্ব আয়: ২,৪৮,১৬৮
ক. বাজেট কী? ১
খ. কর রাজস্ব বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত বাজেটের প্রকৃতি ব্যাখ্যা করো। ৩
ঘ. এ ধরনের বাজেট সরকারকে কেন গ্রহণ করতে হয়? বিশ্লেষণ করো। ৪

## মডেল টেস্ট- ০৯

# সরকারি করোনেশন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা

**বিষয় : অর্থনীতি** (বহুনির্বাচনি অভীক্ষা অংশ) **বিষয় কোড : 1 4 1**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১]

**প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।**

**১. দেশের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য কোন বাজেট তৈরি করা হয়?**
ক রাজস্ব বাজেট খ মূলধন বাজেট
গ ঘাটতি বাজেট ঘ সুষম বাজেট

**২. বাংলাদেশ সরকারের অ-উন্নয়ন বাজেটের মূল লক্ষ্য হলো –**
i. প্রশাসনিক পরিচালনা ii. অর্থনৈতিক উন্নয়ন iii. দেশ রক্ষা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**৩. কোন লক্ষ্যকে সামনে রেখে ২০১৬ সালের শিল্পনীতি প্রণয়ন করা হয়েছে?**
ক শিল্পের হার বৃদ্ধি খ শিল্পায়নের গতি বৃদ্ধি
গ শিল্পের বৃদ্ধি ঘ শিল্পে সুযোগ বৃদ্ধি

**৪. বাংলাদেশের জাতীয় আয় গণনা করে কোন সংস্থা?**
ক বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা খ অর্থ মন্ত্রণালয়
গ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ঘ তথ্য মন্ত্রণালয়

**৫. ব্যয়ের দিক থেকে হিসাব করা হয় –**
i. পরিবহন খাতে ii. শিক্ষা খাতে iii. স্বাস্থ্য খাতে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৬. মোট দেশজ উৎপাদন নির্ভর করে কয়টি বিষয়ের ওপর?**
ক দুটি খ তিনটি গ চারটি ঘ পাঁচটি

**৭. প্রকাশ্য ও অপ্রকাশ্য ব্যয়ের সমষ্টিকে কি বলে?**
ক আর্থিক ব্যয় খ ব্যক্তিগত ব্যয় গ সামাজিক ব্যয় ঘ সুযোগ ব্যয়

**৮. যে দামে চাহিদা ও যোগান সমান হয় তাকে কি বলে?**
ক ভারসাম্য দাম খ নিট দাম গ ক্রয়মূল্য ঘ বিক্রয় মূল্য

**৯. ভোগের পরিমাণ বৃদ্ধির সাথে সাথে মোট উপযোগ কি হয়?**
ক বৃদ্ধি পায় খ কমে যায় গ স্থির থাকে ঘ শূন্য হয়

**১০. কোন অর্থনীতিবিদের বই আধুনিক অর্থনীতির মূল ভিত্তি?**
ক প্লেটো খ এরিস্টটল গ অ্যাডাম স্মিথ ঘ ম্যালথাস

**১১. কোন মহাদেশে বাণিজ্যবাদের প্রসার ঘটে?**
ক এশিয়া খ ইউরোপ গ আফ্রিকা ঘ আমেরিকা

**১২. ধনতন্ত্রে অদৃশ্য শক্তিকে কি বলে?**
ক দাম ব্যবস্থা খ জনশক্তি
গ সরকারি পরিকল্পনা ঘ বাজার ব্যবস্থা

**১৩. বাংলাদেশের প্রধান খনিজ সম্পদ কোনটি?**
ক কয়লা খ চীনামাটি গ কঠিন শিলা ঘ প্রাকৃতিক গ্যাস

**১৪. বাংলাদেশের চুনাপাথর কোথায় মজুদ রয়েছে?**
ক মধ্যপাড়ায় খ বিজয়পুরে গ বড়পুকুরিয়ায় ঘ সেন্টমার্টিনে

**১৫. আয় কি অবস্থায় থাকলে চাহিদা বিধি কার্যকর হবে?**
ক কম খ বেশি গ স্থির ঘ হ্রাস-বৃদ্ধি

**১৬. ব্যবসায়ের মৌলিক ও প্রধান বিষয় কি?**
ক উৎপাদন খ যন্ত্রপাতি গ মূলধন ঘ সংগঠন

**১৭. মনো শব্দের অর্থ কী?**
ক মন খ অসংখ্য গ এক ঘ শূন্য

**১৮. আধুনিক উৎপাদন ব্যবস্থায় বিদ্যুৎ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি কোন বাজারের পণ্য?**
ক একচেটিয়া খ পূর্ণ প্রতিযোগিতা
গ ডুয়োপলি ঘ মনোপলি

**১৯. মোট জাতীয় আয়ের ক্ষেত্রে বিবেচ্য বিষয় –**
i. নির্দিষ্ট সময় ii. দেশের নাগরিকগণ iii. চূড়ান্ত দ্রব্য ও সেবা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২০. বিহিত অর্থ কি?**
ক সরকারের আইন দ্বারা পরিচালিত খ ব্যাংক সৃষ্ট বিনিময় মাধ্যম
গ প্রতীক মুদ্রা ঘ প্রমাণিত মুদ্রা

**২১. মাথাপিছু জিডিপি কি?**
ক জনপ্রতি বার্ষিক জিডিপি খ মোট জাতীয় আয়
গ নিট জাতীয় আয় ঘ মোট দেশজ উৎপাদন

**২২. বাণিজ্যিক ব্যাংক কয় ধরনের অমানত গ্রহণ করে?**
ক ১ খ ২ গ ৩ ঘ ৪

□ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :**
সিহাব একটি স্কুলের জন্য ব্যাংক হিসাব খুলল। সে তার হিসাবে প্রতিদিন টাকা লেনদেন করে। কিন্তু জমা টাকার ওপর কোনো সুদ পায় না। ব্যাংকটির প্রথম এবং প্রধান কাজ হলো আমানত সংগ্রহ করা।

**২৩. সিহাব যদি জমা টাকার ওপর সুদ চায় তাহলে কোন ধরনের হিসাব খুলতে হবে?**
i. সঞ্চয়ী ii. চলতি iii. স্থায়ী
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii গ i ও iii ঘ ii ও iii

**২৪. সিহাবের ব্যাংকটি কোন ধরনের?**
ক কেন্দ্রীয় খ বাণিজ্যিক গ গ্রামীণ ব্যাংক ঘ কৃষি ব্যাংক

**২৫. বিশেষায়িত ব্যাংক হলো –**
i. কৃষি ব্যাংক ii. জনতা ব্যাংক iii. গ্রামীণ ব্যাংক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৬. মানবসম্পদ উন্নয়নের বড় উপায় কোনটি?**
ক প্রশিক্ষণ খ পুষ্টিকর খাদ্য
গ স্বাস্থ্যকর বাসস্থান ঘ সামাজিক নিরাপত্তা

**২৭. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচির নাম কি?**
ক ডিজিডি খ ভিজিএফ
গ টেস্ট রিলিফ ঘ কৃত্রিম প্রজনন কর্মসূচি

**২৮. আশা কোন ধরনের প্রতিষ্ঠান?**
ক শিল্পবান্ধব খ ব্যবসায়িক
গ ক্ষুদ্র ঋণদানকারী ঘ সেবামূলক

**২৯. উন্নয়নশীল দেশে কোনটি মূলধন গঠনের পথে অন্তরায়?**
ক কম বিনিয়োগ খ কম সঞ্চয়
গ মূলধন ঘ কম মাথাপিছু আয়

**৩০. হাট-ঘাট প্রভৃতি ইজারা দিয়ে সরকার কি আয় করে?**
ক লভ্যাংশ খ ভাড়া গ ফি ঘ সুদ

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# চট্টগ্রাম সিটি কর্পোরেশন আন্তঃ বিদ্যালয়

**বিষয় : অর্থনীতি** (সৃজনশীল প্রশ্ন) **বিষয় কোড :** | 1 | 4 | 1 |

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **মান : ৭০**

[*দ্রষ্টব্য:* ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। 'X' দেশের নাগরিক ফ্লোরার দেশে কৃষি শিল্পসহ অর্থনীতির সকল খাতের মালিকানা রাষ্ট্রের বলে এখানে ব্যক্তিগত মুনাফা অর্জনের সুযোগ নেই। অন্যদিকে ফ্লোরার বান্ধবী Y দেশের নাগরিক জেবার বসবাসরত দেশে অর্থনীতির বিভিন্ন ক্ষেত্রে রাষ্ট্রের পাশাপাশি ব্যক্তিগত উদ্যোগ গ্রহণের সুযোগ রয়েছে। এদেশে ব্যক্তিগত মুনাফা অর্জন করতে পারে। তবে একচেটিয়া মুনাফা হতে পারে বা এখানে সম্পদের ব্যক্তি মালিকানা স্বীকৃত হলেও পাশাপাশি সরকারি উদ্যোগ ও নিয়ন্ত্রণ বিরাজ করে।

ক. অ্যাডাম স্মিথ প্রদত্ত অর্থনীতির সংজ্ঞাটি লেখো। ১
খ. সম্পদের দুষ্প্রাপ্যতা বলতে কী বোঝায়? ২
গ. ফ্লোরার বসবাসরত দেশে বিরাজমান অর্থব্যবস্থার স্বরূপ ব্যাখ্যা করো। ৩
ঘ. জেবার বসবাসরত দেশে প্রচলিত অর্থব্যবস্থাকে তুমি কি সাধারণ জনগণের জন্য অধিকতর কল্যাণকর মনে করো? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২। **উদ্দীপক-১ :** আফজাল সাহেব একজন ব্যবসায়ী। গত বছর ধানের মৌসুমে তিনি ধান কিনে পরবর্তীতে তা বেশি দামে বিক্রি করেন। কিন্তু এ বছর তিনি পেঁয়াজ, আলু কেনাবেচা করবেন বলে সিদ্ধান্ত নিয়েছেন। এর ফলে তাকে ধান ব্যবসা ছেড়ে দিতে হয়েছে।

**উদ্দীপক-২ :** তানভীর হাসান একজন চাকরিজীবী। তিনি প্রতি মাসে তার আয়ের একটা অংশ সঞ্চয় করেন। বেশ কিছু বছর সঞ্চয় করার পর তিনি জমাকৃত অর্থ দিয়ে একটি পোল্ট্রি ফার্ম করেন। এ ফার্ম দেখাশোনার জন্য তিনি দুইজন কর্মচারী নিয়োগ করেন।

ক. অর্থনৈতিক দ্রব্য কাকে বলে? ১
খ. ব্যক্তিগত দক্ষতাকে অর্থনৈতিক সম্পদ বলা যায় না কেন? ২
গ. উদ্দীপক-১ এ' অর্থনীতির যে ধারণার প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপক-২ এ' তানভীর সাহেবের কার্যক্রম কীভাবে দেশের অর্থনৈতিক উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখে বিশ্লেষণ করো। ৪

৩। নিচের সূচিটি লক্ষ করো এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

| দ্রব্যের একক | মোট উপযোগ (টাকায়) | প্রান্তিক উপযোগ (টাকায়) |
|---|---|---|
| ১ম | ৮ | ৮ |
| ২য় | ১৪ | – |
| ৩য় | ১৮ | – |
| ৪র্থ | ২০ | – |
| ৫ম | ২০ | – |
| ৬ষ্ঠ | ১৮ | – |

ক. অর্থনৈতিক কার্যাবলি কাকে বলে? ১
খ. মোট উপযোগ কীভাবে পাওয়া যায়? ২
গ. ওপরের সূচির খালি স্থানে প্রান্তিক উপযোগের পরিমাণ নির্ণয় করো। ৩
ঘ. ওপরের সূচিতে অর্থনীতির যে বিধিটির প্রতিফলন ঘটেছে তা কি সবসময় কার্যকর হয়? মতামত দাও। ৪

৪। **উদ্দীপক-১ :** মনসুর উদ্দীনের জীবনপুর গ্রামে একটি আমবাগান রয়েছে। গত বছর গ্রামে আমের ভালো দাম না পাওয়ায় তিনি এ বছর শহরে আম বিক্রির উদ্যোগ নেন। এর ফলে এ বছর তিনি আমের ব্যবসায় প্রচুর মুনাফা অর্জন করেন।

**উদ্দীপক-২ :**




ক. উৎপাদন কাকে বলে?
খ. সামাজিক ব্যয়ের প্রয়োজন হয় কেন? ২
গ. উদ্দীপক-১-এ অর্থনীতিতে উৎপাদনের কোন ধরনের উপযোগের সৃষ্টি হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপক-২-এর আলোকে গড় ও প্রান্তিক উৎপাদনের সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

৫। শাফিন বাজারে মুগ ডাল কিনতে গিয়ে লক্ষ করল, বাজারে প্রায় সব মুদির দোকানে এ ডাল বিক্রি হয় এবং দাম প্রায় একই। এক্ষেত্রে ডালের গুণগত মানেরও তেমন পার্থক্য নেই। অন্যদিকে শাফিনের বাবা মোটর গাড়ির পেট্রোল নিতে গিয়ে লক্ষ করলেন, পেট্রোলের দাম বৈশ্বিক পরিস্থিতির কারণে পূর্বের তুলনায় বৃদ্ধি পেয়েছে। এক্ষেত্রে তাকে বাজারে একমাত্র তেল আমদানিকারকের নির্ধারিত দামে তেল ক্রয় করতে হয়।

ক. স্থানীয় বাজার কাকে বলে? ১
খ. 'বাজার বলতে কোন নির্দিষ্ট স্থানকে বোঝায় না'- ব্যাখ্যা করো। ২
গ. শাফিনের ক্রয়কৃত দ্রব্যটি প্রতিযোগিতার ভিত্তিতে কোন ধরনের বাজারের পণ্য। ব্যাখ্যা করো। ৩
ঘ. শাফিনের বাবার ক্রয়কৃত পণ্য যে বাজারের অন্তর্ভুক্ত তা কি সাধারণ জনগণের জন্য কল্যাণকর? মতামত দাও। ৪

৬। নিচে একটি পণ্যের চাহিদা সূচি দেওয়া হলোঃ

| প্রতি একক পণ্যের দাম (টাকায়) | চাহিদার পরিমাণ (একক) |
|---|---|
| ২.০০ | ২০ |
| ৪.০০ | ১৫ |
| ৬.০০ | ১০ |
| ৮.০০ | ০৫ |

ক. ভোগ কী? ১
খ. যোগান রেখা ঊর্ধ্বগামী হয় কেন? ২
গ. ওপরের সূচি থেকে একটি চাহিদা রেখা অঙ্কন করো। ৩
ঘ. 'ভোক্তার আয় ও রুচির পরিবর্তন হলে উদ্দীপকে প্রতিফলিত বিধিটি কার্যকর হয় না'- বিশ্লেষণ করো। ৪

৭। উদ্দীপক-১ : ২০২২-২৩ অর্থবছরে 'B' দেশের কাল্পনিক মোট জিডিপি (GDP) এর পরিমাণ ৯০,০০০ কোটি টাকা এবং মোট জনসংখ্যা ১২ কোটি।

উদ্দীপক-২ : যুক্তরাজ্যের নাগরিক মি. রিচার্ড একজন সফটওয়্যার ইঞ্জিনিয়ার। তিনি বাংলাদেশে একটি সফটওয়্যার ফার্মে চাকরি করেন। প্রতি মাসে তার আয়ের একটি নির্দিষ্ট অংশ নিজ দেশে পরিবারের জন্য পাঠান।

ক. নিট জাতীয় আয় কাকে বলে? ১
খ. মাধ্যমিক পর্যায়ের দ্রব্য ও সেবাকে GDP গণনার সময় বিবেচনা করা হয় না কেন? ২
গ. উদ্দীপক-১-এ প্রদত্ত তথ্যের আলোকে 'B' দেশের মাথাপিছু আয় সূত্রের সাহায্যে নির্ণয় করো। ৩
ঘ. উদ্দীপক-২-এ আলোচিত ইঞ্জিনিয়ার রিচার্ডের আয় কি বাংলাদেশের জাতীয় আয়কে প্রভাবিত করবে? মতামত দাও। ৪

৮। উদ্দীপক-১ : মিসেস নাজমা একটি আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত। এটি সর্বোচ্চ ক্ষমতাপ্রাপ্ত আর্থিক প্রতিষ্ঠান। যেখানে জনগণের আমানত জমা রাখা হয় না। এই প্রতিষ্ঠানের উদ্দেশ্য মুনাফা সর্বোচ্চকরণ নয়, বরং জনকল্যাণ সর্বোচ্চকরণ।

উদ্দীপক-২ : জনাব আশরাফ এমন একটি আর্থিক প্রতিষ্ঠানে চাকরি করেন যেখানে জনগণের অর্থ আমানত হিসেবে জমা রাখে, উপযুক্ত বন্ধকির মাধ্যমে জনগণকে ঋণ এ প্রদান করে। এই আর্থিক প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য মুনাফা অর্জন।

ক. কাগজি নোট কাকে বলে? ১
খ. অর্থ কীভাবে মূল্যের পরিমাপক হিসাবে কাজ করে? ২
গ. মিসেস নাজমার কর্মরত প্রতিষ্ঠানটি কোন আর্থিক প্রতিষ্ঠানকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব আশরাফের কর্মরত প্রতিষ্ঠানটি কীভাবে একটি দেশের অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করে? মতামত দাও। ৪

৯। জনাব আবীর ও জনাব জোহান দুই বন্ধু। আবীর বাণিজ্যিক উদ্দেশ্যে আখ চাষ করেন। অপরদিকে তার বন্ধু জোহান একটি চিনি কারখানার মালিক। তিনি আবীর ও অন্যান্য আখচাষি হতে আখ সংগ্রহ করেন। যা তার কারখানার কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয়।

ক. শিল্প কী? ১
খ. ছদ্মবেশী বেকারত্ব বলতে কী বোঝায়? ২
গ. জনাব আবীরের কাজ অর্থনীতির কোন খাতের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে করো আবীর ও জোহানের কর্মরত খাত দুটি পরস্পর নির্ভরশীল? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১০। 'ক' দেশটি প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ। এছাড়া ভৌত অবকাঠামো ও পরিবহন ব্যবস্থা উন্নত হওয়ার কারণে দেশটির উৎপাদন ব্যয় কম হয়েছে ফলে দেশটির বিনিয়োগ ও উৎপাদন উত্তরোত্তর বৃদ্ধি পায়। 'খ' দেশটিতে ঠিক বিপরীত অবস্থা দেখা যায়।

ক. অর্থনৈতিক প্রবৃদ্ধি কাকে বলে? ১
খ. দক্ষ জনশক্তি কীভাবে দেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখে? ২
গ. অর্থনৈতিক উন্নয়নের মাপকাঠিতে 'ক' দেশটি কোন ধরনের দেশ? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'খ' দেশকে 'ক' দেশের পর্যায়ে উন্নীত করার জন্য কোন কোন পদক্ষেপ গ্রহণ করা উচিত? মতামত দাও। ৪

১১। ২০২২-২৩ অর্থবছরে 'X' দেশের বাজেটে প্রত্যাশিত আয় ৫০,০০০ কোটি টাকা ও প্রত্যাশিত ব্যয় ৫০,০০০ কোটি টাকা ধরা হয়েছে। অন্যদিকে 'Y' দেশে প্রত্যাশিত আয় ৫০,০০০ কোটি হলেও প্রত্যাশিত ব্যয় ধরা হয়েছে ৬০,০০০ কোটি টাকা।

ক. বাজেট কী? ১
খ. শিক্ষা ও প্রযুক্তি খাতে সরকার কেন ব্যয় করে? ২
গ. 'X' দেশের বাজেট কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে 'Y' দেশের মতো বাজেট প্রণয়ন কি মঙ্গলজনক? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**মডেল টেস্ট- ১০**

# বরিশাল জিলা স্কুল

**বিষয় : অর্থনীতি** (বহুনির্বাচনি অভীক্ষা অংশ) **বিষয় কোড :** | 1 | 4 | 1 |

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১]

**প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।**

**১. মূল্যস্ফীতি ও বেকারত্বের মধ্যে সম্পর্ক কীরূপ?**
ক বিপরীতমুখী খ সমমুখী গ একমুখী ঘ উভয়মুখী

**২. কোথায় প্রথম ধনতান্ত্রিক অর্থব্যবস্থার প্রচলন হয়?**
ক আমেরিকা খ চীন গ ইউরোপ ঘ অস্ট্রেলিয়া

**৩. মিশ্র অর্থনীতির বৈশিষ্ট্য হলো –**
i. সম্পদের ব্যক্তিগত ও সরকারি মালিকানা ii. মুনাফা অর্জন iii. ভোক্তার স্বাধীনতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৪. বাংলাদেশের কোথায় পেট্রোলিয়ামের সন্ধান পাওয়া গেছে?**
ক রংপুর খ হরিপুর গ জয়নগর ঘ কৈলাসটিলা

**৫. 'সুন্দরবন' কোন ধরনের সম্পদ?**
ক মানবিক খ প্রাকৃতিক গ উৎপাদিত ঘ ব্যক্তিগত

**৬. ভোগের পরিমাণ বৃদ্ধির সাথে সাথে মোট উপযোগ কী হয়?**
ক কমে যায় খ বৃদ্ধি পায় গ শূন্য হয় ঘ স্থির থাকে

**৭. চাহিদা ও দামের সম্পর্ক কীরূপ?**
ক সমমুখী খ বিপরীতমুখী গ সম্পর্ক নাই ঘ আড়াআড়ি

**৮. চাহিদার স্থিতিস্থাপকতা প্রধানত কত প্রকার?**
ক দুই খ তিন গ চার ঘ পাঁচ

□ **নিচের চিত্রটি দেখো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও :**




**৯. চিত্রে SS′ রেখাটি দ্বারা কোনটি ইঙ্গিত করা হয়েছে?**
ক যোগান রেখা খ চাহিদা রেখা
গ কাম্য উৎপাদন রেখা ঘ উর্ধ্বগামী রেখা

**১০. চিত্রে উল্লিখিত দ্রব্যের দাম ৩০ টাকা হলে যোগান কত হবে?**
ক ২০ একক খ ৩০ একক গ ১০ একক ঘ ৪০ একক

**১১. আখ থেকে চিনি তৈরি কোন ধরনের উৎপাদন?**
ক স্থানগত উৎপাদন খ রূপগত উৎপাদন
গ সময়গত উৎপাদন ঘ সেবাগত উৎপাদন

**১২. অব্যবহৃত জমি কিনে যদি একজন কৃষক চাষাবাদ করে তবে তা কীরূপ উৎপাদন হবে?**
ক স্থানগত উৎপাদন খ অতিরিক্ত উৎপাদন
গ মালিকানাগত উৎপাদন ঘ রূপগত উৎপাদন

**১৩. নিচের কোনটি অপ্রকাশ্য ব্যয়?**
ক মালিকের যেকোনো ভাতা খ কাঁচামাল ক্রয়
গ যন্ত্রপাতি ক্রয় ঘ শ্রমিকের মজুরি

**১৪. রফিক সাহেব একজন শিল্প উদ্যোক্তা। এক্ষেত্রে সংগঠক হিসেবে তিনি–**
i. ঝুঁকি গ্রহণ করবেন ii. নীতি নির্ধারণ করবেন
iii. উৎপাদনের উপকরণ সাজাবেন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৫. ভূমি, শ্রম, মূলধন, প্রযুক্তি, সচলতা এগুলো কী বলে?**
ক মোট দেশজ উৎপাদন এর নির্ধারক খ মাথাপিছু আয়ের নির্ধারক
গ ব্যয়ের নির্ধারক ঘ বিনিয়োগের নির্ধারক

**১৬. পাটের পরিবর্তে ধান; গমের পরিবর্তে ভুট্টা ইত্যাদি উপকরণের ব্যবহার বৃদ্ধিকে কী বলে?**
ক প্রযুক্তি খ সচলতা
গ ভূমির গতিশীলতা ঘ শ্রমের গতিশীলতা

**১৭. কোনটির উপর মোট দেশজ উৎপাদন নির্ভর করে?**
ক মাধ্যমিক দ্রব্য ও সেবা খ মাথাপিছু আয়
গ বাণিজ্য খাত ঘ মূলধন ও প্রযুক্তি

**১৮. বাণিজ্যিক ব্যাংকের অন্যতম প্রধান কাজ কী?**
ক আমানত গ্রহণ করা খ বিনিময়ের মাধ্যম সৃষ্টি করা
গ অর্থ স্থানান্তর করা ঘ হুন্ডি বাট্টা করা

**১৯. কোন আমানতের কিছু বিধি-বিধান থাকে?**
ক চলতি খ মেয়াদি গ স্থায়ী ঘ সঞ্চয়ী

**২০. রেমিটেন্স কী?**
ক দেশে কর্মরত নাগরিকদের অর্জিত অর্থ
খ প্রবাসে কর্মরত নাগরিকদের স্বদেশে প্রেরিত অর্থ
গ দেশে কর্মরত নাগরিকেদের মোট ব্যয়
ঘ প্রবাসে কর্মরত নাগরিকদের মোট ব্যয়

□ **নিচের উদ্দীপকটি পড় এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও :**
রিপা রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা শেষের কবিতা 'উপন্যাসটি পড়ছিল'।

**২১. উপন্যাসটি কোন ধরনের দ্রব্যের উদাহরণ?**
ক স্থায়ী দ্রব্য খ অস্থায়ী দ্রব্য গ ভোগ্য দ্রব্য ঘ অর্থনৈতিক দ্রব্য

**২২. রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতিভাকে অর্থনীতিতে সম্পদ বলা যাবে না। কারণ–**
i. হস্তান্তর যোগ্যতা নেই ii. মালিকানা পরিবর্তন করা যাবে না
iii. বাহ্যিক নেই
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৩. বাংলাদেশের কৃষি কীসের উপর নির্ভরশীল?**
ক প্রকৃতির ওপর খ উর্বরতার ওপর গ কৃষকের ওপর ঘ প্রযুক্তির ওপর

**২৪. আমাদের দেশের স্বার্থে শিল্পায়িত অর্থনীতি গড়ে তোলা প্রয়োজন কেন?**
ক কর্মসংস্থান বৃদ্ধির জন্য খ প্রাকৃতিক সম্পদের সুষ্ঠু ব্যবহারের জন্য
গ সার্বিক উন্নয়নের জন্য ঘ বৈদেশিক মুদ্রা অর্জনের জন্য

**২৫. আমাদের দেশের সার্বিক উন্নয়নের স্বার্থে শিল্পায়িত অর্থনীতি গড়ে তোলা প্রয়োজন। কারণ –**
i. মুক্তবাজার অর্থনীতির প্রভাব রয়েছে
ii. কৃষিক্ষেত্রে উৎপাদন অনিশ্চিত iii. বিশ্বায়নের চ্যালেঞ্জ রয়েছে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৬. কোন মহাদেশের অধিকাংশ দেশ অনুন্নত?**
ক আফ্রিকা খ ল্যাটিন আমেরিকা গ ইউরোপ ঘ এশিয়া

**২৭. কোনটি উন্নত দেশের বৈশিষ্ট্য?**
ক জনসংখ্যাধিক্য খ দক্ষ প্রশাসন
গ প্রচুর জনশক্তি ঘ কৃষি ও শিল্পের ক্রম উন্নয়ন

**২৮. 'অনুন্নত দেশ হচ্ছে সেই সব দেশ যেগুলোতে জনসংযোগ ও প্রাকৃতিক সম্পদের তুলনায় মূলধন বা পুঁজি কম'– উক্তিটি কার?**
ক এরিস্টটল খ স্যামুয়েলসন
গ মার্শাল ঘ র‍্যাগনার নার্কস

**২৯. দিয়াশলাই ও তামাক উৎপাদনের ওপর কোনটি ধার্য করা হয়?**
ক মাদক শুল্ক খ বাণিজ্য শুল্ক
গ মূল্য সংযোজন কর ঘ আবগারি শুল্ক

**৩০. বাংলাদেশের সরকার সবচেয়ে বেশি আয় করেন কোন উৎস থেকে?**
ক আয়কর খ আমদানি শুল্ক
গ আবগারি শুল্ক ঘ মূল্য সংযোজন কর

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ড হাই স্কুল, সিলেট

**বিষয় : অর্থনীতি** (সৃজনশীল প্রশ্ন) **বিষয় কোড :** 1 4 1

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **মান : ৭০**

[*দ্রষ্টব্য:* ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। আয়েশা আক্তার একজন উচ্চ শিক্ষিত মহিলা। কিন্তু তিনি কোনো চাকরি না করে বাসায় ছেলেমেয়েদের দেখাশোনা করেন। অবসরে তিনি ডিজিটাল কনটেন্ট তৈরি ও মার্কেটিংয়ের কাজ করেন। অন্যদিকে, তার স্বামী মি. আফতাব উদ্দিন একজন নামকরা ঠিকাদার।

ক. সম্পদ কাকে বলে? ১
খ. বিনিয়োগ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত আয়েশা আক্তার-এর কাজগুলো কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. মি. আফতাব উদ্দিন-এর কাজের ধরন চিহ্নিতপূর্বক আমাদের দেশের অর্থনীতিতে এ ধরনের কাজের গুরুত্ব বর্ণনা করো। ৪

২। নিচের ছকটি লক্ষ করো:

| |
|---|
| ভূমি ও প্রাকৃতিক সম্পদের সুষ্ঠু ব্যবহার |
| পর্যাপ্ত মূলধন ও দক্ষ জনশক্তি |
| কারিগরি জ্ঞান ও উন্নত যোগাযোগ ব্যবস্থা |
| ? ? ? |

ক. অর্থনৈতিক প্রবৃদ্ধি কাকে বলে? ১
খ. দারিদ্র্যের দুষ্ট চক্রটির ধারণা ব্যাখ্যা করো? ২
গ. ওপরের চিত্রটি কোন ধরনের দেশ নির্দেশ করে? ছক পূরণসহ উক্ত দেশের বৈশিষ্ট্যসমূহ ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশের অর্থনৈতিক অবস্থার সাথে উক্ত দেশের তুলনামূলক পার্থক্য বিশ্লেষণ করো। ৪

৩। মিনা তার পরিবারে সাথে সিলেটের শেখঘাট এলাকায় বসবাস করে। তাদের এলাকায় রয়েছে বেত দিয়ে বিভিন্ন ধরনের হস্তশিল্পজাত দ্রব্য তৈরির কারখানা। এসব কারখানা থেকে উৎপাদিত দ্রব্য বিদেশেও প্রেরণ করা হয়। মিনার বোন শিলা শহরের নিকটবর্তী ফেঞ্চুগঞ্জ সার কারখানায় চাকরি করে। সেখানে ইউরিয়া সার উৎপাদন করা হয়। এ ধরনের প্রতিষ্ঠানের জন্য প্রচুর মূলধনের প্রয়োজন হয়।

ক. মাঝারি শিল্প কী? ১
খ. সেবা খাত বলতে কী বোঝায়? ২
গ. মিনার বাসার নিকটবর্তী শিল্পটির স্বরূপ ব্যাখ্যা করো। ৩
ঘ. মিনার বোনের প্রতিষ্ঠানটি কোন খাতের অন্তর্গত? বাংলাদেশের অর্থনীতিতে উক্ত খাতের গুরুত্ব বর্ণনা করো। ৪

৪। আবির দীর্ঘদিন আরব আমিরাতে নির্মাণ শ্রমিক হিসেবে কাজ করে। সে তার উপার্জনের টাকা পরিবারের জন্য দেশে প্রেরণ করে। আবিরের পিতা উন্নত জাতের বীজ ব্যবহার করে পরিবারের জন্য শাকসবজি উৎপাদন করেন।

ক. GDP-এর পূর্ণরূপ কী? ১
খ. মূলধনী লাভ-ক্ষতি জিডিপি থেকে বাদ দেওয়া হয় কেন? ২
গ. আবিরের অর্থ কীভাবে জাতীয় আয়ে সংযুক্ত হবে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "আবিরের পিতার কাজ বাংলাদেশের জিডিপি বৃদ্ধির ক্ষেত্রে ভূমিকা রাখছে"-কীভাবে গুরুত্বপূর্ণ বিশ্লেষণ করো। ৪

৫। সালাম মিয়া একজন দরিদ্র কৃষক। তার পরিবারের সদস্য সংখ্যা ৮ জন। তাদের জীবিকা নির্বাহের জন্য রয়েছে সামান্য কৃষি জমি। তার এ বৃহৎ পরিবারের অভাব মেটাতে তাকে হিমশিম খেতে হয়। তাই সে তার সীমিত সম্পদের সাহায্যে অভাব পূরণ করার জন্য কৃষি জমির বিকল্প ব্যবহারের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

ক. অসীম অভাব কী? ১
খ. দুষ্প্রাপ্যতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. সালাম মিয়া তার সীমিত সম্পদের সাহায্যে কীভাবে অসীম অভাব পূরণ করবে? ব্যাখ্যা করো। ৩
ঘ. সালাম মিয়ার সীমিত সম্পদের বিকল্প ব্যবহার উদাহরণ উল্লেখপূর্বক বিশ্লেষণ করো। ৪

৬। একটি দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য সর্বপ্রথম প্রয়োজন সে দেশের মানুষকে অর্থনীতির জ্ঞান সম্পর্কে অবহিত করা। আর সেজন্য প্রয়োজন অর্থনীতি অধ্যয়ন। অর্থনৈতিক উন্নয়ন তথা জীবনযাত্রার মান উন্নয়নের জন্য অর্থনৈতিক জ্ঞান অপরিহার্য। শুধু অর্থনৈতিক জ্ঞান অর্জন নয় তা বাস্তবায়নের লক্ষ্যে দেশের প্রতিটি মানুষকে সক্রিয় ভূমিকা পালনের মাধ্যমে এগিয়ে আসতে হবে। তবেই বাংলাদেশের মানুষের আর্থ- সামাজিক অবস্থার উন্নয়ন ঘটানো সম্ভব।

ক. বাণিজ্যবাদ কাকে বলে? ১
খ. ধনতান্ত্রিক অর্থব্যবস্থার বৈশিষ্ট্যগুলো উল্লেখ করো। ২
গ. অর্থনৈতিক কর্মকাণ্ডে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে তুমি কীভাবে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা রাখতে পারো? ৩
ঘ. 'অর্থনৈতিক জ্ঞান দেশের সর্বস্তরের মানুষের জীবনমান উন্নয়নে ভূমিকা রাখবে'- উক্তিটির সপক্ষে তোমার মতামত দাও। ৪

৭। আরিফ ও শাহেদ দু'জনেই গত ঈদে শার্ট কিনতে একটি পোশাকের দোকানে গেল। আরিফ লাল রঙের এবং শাহেদ সাদা রঙের শার্ট কিনল। আরিফ একটি এক হাজার টাকার নোট দিয়ে তার পছন্দের শার্টটি কিনল। কিন্তু শাহেদ তার শার্টের মূল্য বাবদ এক টাকার নোটের দশটি বান্ডেলের মাধ্যমে মোট এক হাজার টাকা দিলে বিক্রেতা তা গ্রহণ করতে রাজি হয়নি।

ক. অর্থ কী? ১
খ. দ্রব্য বিনিময় প্রথার প্রধান অসুবিধাটি ব্যাখ্যা করো। ২
গ. আরিফের প্রদত্ত অর্থ কোন ধরনের মুদ্রা ছিল? তার শ্রেণিবিভাগ ব্যাখ্যা করো। ৩
ঘ. শাহেদ সমপরিমাণ অর্থ দিয়েও পছন্দের শার্টটি ক্রয়ে ব্যর্থ হওয়ার কারণ বিশ্লেষণ করো। ৪

৮। 'ক' দ্রব্যের যোগান নিচে দেওয়া হলো:

| প্রতি একক পণ্যের দাম (টাকায়) | যোগানের পরিমাণ (একক) |
|---|---|
| ৩ | ৮ |
| ৪ | ১২ |
| ৫ | ১৬ |
| ৬ | ২০ |

ক. ভোগ কাকে বলে? ১
খ. যোগান বিধি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের যোগানসূচি থেকে 'ক' দ্রব্যের যোগান রেখা অঙ্কন করো। ৩
ঘ. তোমার অঙ্কিত যোগান রেখাটি সব সময় কি একই রকম থাকবে? মতামত দাও। ৪

৯। নিচের ছকটি লক্ষ করো এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

| ভূমি | শ্রমিক নিয়োগ | উপকরণের সংমিশ্রণ | মোট উৎপাদন (মণ) | প্রান্তিক উৎপাদন (মণ) |
|---|---|---|---|---|
| ১ বিঘা | ১ | A | ৮ | ৮ |
| ১ বিঘা | ২ | B | ১৮ | ১০ |
| ১ বিঘা | ৩ | C | ২৪ | ৬ |
| ১ বিঘা | ৪ | D | ২৮ | ৪ |

ক. উৎপাদন কাকে বলে? ১
খ. সংগঠনকে সমন্বয়কারী বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ছকের আলোকে মোট উৎপাদন ও প্রান্তিক উৎপাদনের সম্পর্ক বিশ্লেষণ করো। ৩
ঘ. ওপরের ছক থেকে চিত্রের সাহায্যে ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধিটির কার্যকারিতা ব্যাখ্যা করো। ৪

১০। মহসিন সাহেব মাছ, সবজি, ডাল, লবণ ও চিনি ইত্যাদি স্থানীয় বাজার থেকে ক্রয় করেন। এছাড়াও তিনি নিকটবর্তী সুপার মার্কেট থেকে দ্রব্য যেমন সাবান, শ্যাম্পু ও কোল্ড ক্রিম ইত্যাদি ক্রয় করেন। বাজারে প্রাপ্ত সমজাতীয় অথচ পৃথকীকরণ করা যায় এমন সব দ্রব্যগুলোর ব্যবহার একই হলেও মোড়ক, গন্ধ ভিন্ন। কিন্তু দামের ক্ষেত্রে সামান্য পার্থক্য রয়েছে।

ক. অর্থনীতিতে বাজার কী? ১
খ. একচেটিয়া বাজার বলতে কী বোঝায়? ২
গ. মহসিন সাহেবের নিত্যপ্রয়োজনীয় ক্রয়কৃত দ্রব্যগুলো কোন বাজারের পণ্য? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সুপার মার্কেট থেকে ক্রয়কৃত সামগ্রীর বাজারটির ধরন বিশ্লেষণ করো। ৪

১১। বাংলাদেশ একটি নিম্নমধ্যম আয়ের দেশ। আমাদের দেশে সরকার আর্থ-সামাজিক উন্নয়ন জনকল্যাণ সাধন, প্রশাসন পরিচালনা, দেশ রক্ষা ইত্যাদি কাজে অনেক ব্যয় করে। এই ব্যয় নির্বাহের জন্য সরকার বিভিন্ন উৎস থেকে আয় করতে হয়। সরকারের আয় এবং ব্যয়ের মধ্যে একটি সমতা বিধান করতে সচেষ্ট থাকে। ফলে সরকার এ ঘাটতি পূরণের জন্য জনসাধারণের কাছ থেকে ঋণ, নতুন অর্থ সৃষ্টি, কেন্দ্রীয় ব্যাংক থেকে ঋণ, বৈদেশিক ঋণ ও সাহায্য গ্রহণ করে থাকে।

ক. সুষম বাজেটের সূত্রটি কী? ১
খ. ১৯৯১-৯২ অর্থবছর থেকে চালু হওয়া সরকারের আয়ের গুরুত্বপূর্ণ উৎসটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের আলোকে সরকারের আয় বৃদ্ধির উপায়গুলো চিহ্নিত করো। ৩
ঘ. কীভাবে ঘাটতি বাজেট প্রবৃদ্ধি অর্জনে সহায়তা করে- বিশ্লেষণ করো। ৪

# উত্তরমালা

## ■ মডেল টেস্ট-০১ : ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | গ | ৩ | খ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | খ | ৮ | গ | ৯ | ক | ১০ | ক | ১১ | খ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | ক | ২১ | ক | ২২ | খ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | খ |

## ■ মডেল টেস্ট-০২ : ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ক | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ঘ |

## ■ মডেল টেস্ট-০৩ : বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | গ | ৩ | খ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | গ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | খ | ১১ | ক | ১২ | ক | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | গ |

## ■ মডেল টেস্ট-০৪ : হলি ক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | খ | ৩ | ক | ৪ | গ | ৫ | গ | ৬ | খ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | খ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ক | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | খ |

## ■ মডেল টেস্ট-০৫ : আজিমপুর গভঃ গার্লস স্কুল এন্ড কলেজ, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | খ | ৩ | খ | ৪ | ক | ৫ | ক | ৬ | ক | ৭ | ক | ৮ | খ | ৯ | গ | ১০ | গ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ঘ |

## ■ মডেল টেস্ট-০৬ : ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ক | ৩ | খ | ৪ | গ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | গ | ১১ | গ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | খ | ২১ | খ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | গ |

## ■ মডেল টেস্ট-০৭ : সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, সিলেট

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | গ | ৩ | খ | ৪ | খ | ৫ | খ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | ক | ১০ | খ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | গ |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | ক | ২১ | ক | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ঘ |

## ■ মডেল টেস্ট-০৮ : যশোর জিলা স্কুল

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | খ | ৩ | খ | ৪ | ক | ৫ | ক | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ক | ১০ | খ | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | গ | ২১ | ক | ২২ | গ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | খ |

## ■ মডেল টেস্ট-০৯ : সরকারি করোনেশন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | গ | ৩ | খ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | ক | ৯ | ক | ১০ | গ | ১১ | খ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | গ |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | ক | ২২ | গ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | খ |

## ■ মডেল টেস্ট-১০ : বরিশাল জিলা স্কুল

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | গ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | খ | ৬ | খ | ৭ | খ | ৮ | খ | ৯ | ক | ১০ | খ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | ক |
| | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | খ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | ক |